# বার্ষিক প্রতিবেদন ২০২৪

সাম্য । সমতা । প্রবৃদ্ধি



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

# বার্ষিক প্রতিবেদন ২০২৪

সাম্য । সমতা । প্রবৃদ্ধি



**পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)**

# বার্ষিক প্রতিবেদন

# ২০২৪


**উপদেশনা**

মোঃ ফজলুল কাদের

ড. মোঃ জসীম উদ্দিন

**নির্বাহী সম্পাদক**

সুহাস শংকর চৌধুরী

**সম্পাদনা সহযোগী**

মাসুম আল জাকী

সাবরীনা সুলতানা

**আলোকচিত্র**

রাকিব মাহমুদ

পিকেএসএফ সংগ্রহশালা

**প্রকাশক**

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

**প্রচ্ছদ ও অলঙ্করণ:** বশির আহমেদ

**মুদ্রণ:** তিথী প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং






# সূচিপত্র

০৬ বাণী: চেয়ারম্যান
০৮ মুখবন্ধ: ব্যবস্থাপনা পরিচালক
১০ পরিচালন
১৪ ব্যবস্থাপনা
১৬ পিকেএসএফ-এর আর্থিক কার্যক্রম

অন্তর্ভুক্তিমূলক ক্ষুদ্রঋণ কর্মসূচি
২৬ বুনিয়াদ
৩০ জাগরণ
৩৪ অগ্রসর
৩৮ সুফলন
৪২ আবাসন
৪৪ সাহস

পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রকল্প
৪৮ giz-হাওর
৫০ ECCCP-Drought
৫২ ECCCP-Flood
৫৪ RHL



ঝুঁকি প্রশমন

৫৮ ঝুঁকি প্রশমন কর্মসূচি
৬০ IRMP প্রকল্প

ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন

৬৪ কৃষিজ ক্ষুদ্র উদ্যোগ কর্মসূচি
৬৮ MFCE প্রকল্প
৭০ RAISE প্রকল্প
৭২ RMTP প্রকল্প
৭৪ SEP প্রকল্প
৭৬ SMART প্রকল্প

অতিদারিদ্র্য নিরসনে বিশেষায়িত প্রকল্প

৮০ PPEPP-EU

**WASH** কার্যক্রম

৮৪ মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প

সামগ্রিক উন্নয়ন কর্মসূচি

৮৮ সমৃদ্ধি

উদ্ভাবন সহায়তা কর্মসূচি

৯২ LIFT

জ্ঞান ব্যবস্থাপনা

৯৬ যোগাযোগ ও প্রকাশনা
৯৮ গবেষণা ও উন্নয়ন
১০০ প্রশিক্ষণ

১০৪ নিরীক্ষা প্রতিবেদন
১১৬ সহযোগী সংস্থা





# বাণী

**চেয়ারম্যান**

> আয় দারিদ্র্য দূরীকরণের পাশাপাশি সামাজিক ও মানবিক দারিদ্র্য এবং এ জাতীয় সকল অনুষঙ্গ পিকেএসএফ-এর কৌশলগত পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে এগোতে হবে।

*পিকেএসএফ বার্ষিক প্রতিবেদন*-এর জন্য পিকেএসএফ চেয়ারম্যান হিসেবে প্রথমবারের মতো বাণী লিখতে গিয়ে পিকেএসএফ প্রতিষ্ঠার অনেক স্মৃতিই মানসপটে ভেসে উঠছে। প্রতিষ্ঠাকালেই অবহিত হয়ে আমি এ প্রতিষ্ঠানের সাফল্যের ব্যাপারে আশাবাদী ছিলাম। সেই প্রতিষ্ঠানেরই চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের সুযোগ পেয়ে নিজেকে সৌভাগ্যবান মনে করছি। প্রায় দুই দশক পূর্বে অর্থ সচিব হিসেবে দায়িত্ব পালনকালে সরকারের পক্ষ হতে পিকেএসএফ-কে আর্থিক সহায়তা দেয়ার মাধ্যমে এটির কার্যক্রম বিকাশে অবদান রাখতে পেরেও আমি নিজেকে ধন্য মনে করছি। জুলাই ২০২৪-এর গণঅভ্যুত্থানের চেতনাকে সমুন্নত রেখে ভবিষ্যত কর্মপরিকল্পনা গ্রহণ করার জন্য পিকেএসএফ অঙ্গীকারাবদ্ধ।

দেশজ ধ্যানধারণা-প্রসূত টেকসই উন্নয়নের প্রয়াসে চিরায়ত কাঠামোর বাইরে দেশের প্রথিতযশা বিশেষজ্ঞদের অবদানে জাতীয় পর্যায়ে পিকেএসএফ-এর মতো একটি অনন্য প্রতিষ্ঠানের সৃষ্টি সম্ভব হয়েছে। কার্যক্রম পরিচালনায় সম্পূর্ণরূপে দেশীয় বিশেষজ্ঞ ও জনবলের সামর্থ্যের ওপর আস্থা রাখার সিদ্ধান্ত যে সঠিক ছিল, তা পরবর্তীকালে পিকেএসএফ-এর সাফল্যের ধারাবাহিকতায় প্রমাণিত হয়েছে। শুরু থেকেই স্বনামধন্য ব্যক্তিবর্গের নেতৃত্বে একদল সৎ, মেধাবী, দক্ষ কর্মকর্তা-কর্মচারীর ঐকান্তিক প্রচেষ্টায় পিকেএসএফ এগিয়ে যায়। সাড়ে তিন দশকে পিকেএসএফ একটি অনুকরণীয় অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বিভিন্ন দেশে পিকেএসএফ-এর আদলে প্রতিষ্ঠানও গড়ে উঠেছে।

পিকেএসএফ-এ যোগদানের পূর্বে আমার ধারণা ছিল যে, এটি শুধু ক্ষুদ্রঋণ

পরিচালনা করে; কিন্তু পরে দেখলাম পিকেএসএফ দেশের দারিদ্র্য বিমোচন ও অর্থনীতিকে মজবুত করার মানসে আর্থিক ও অ-আর্থিক এবং কারিগরি সেবা সম্প্রসারণের মাধ্যমে প্রতিষ্ঠান গড়ার প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। এক্ষেত্রে পিকেএসএফ ক্ষুদ্রঋণের পাশাপাশি মানব উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে, যার মধ্যে রয়েছে শিক্ষা, স্বাস্থ্যসেবা, জলবায়ু অভিযোজন, প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন। এসব সেবা প্রদানে ভৌগোলিক বৈচিত্র্যের বিষয়টি বিশেষভাবে বিবেচনা করা হয়।

গত এক দশকে বাংলাদেশের বার্ষিক জিডিপি প্রবৃদ্ধির হার ছিল গড়ে ৬-৭%। তৈরি পোশাক শিল্প, তথ্যপ্রযুক্তি, কৃষি এবং রেমিট্যান্স অর্থনৈতিক স্থিতিশীলতায় অবদান রাখছে। কিন্তু বাংলাদেশের ১৮.৭% মানুষ এখনও দারিদ্র্যসীমার নিচে বাস করছে; চরম দারিদ্র্যসীমার নিচে ৫.৬% মানুষ। বিশ্বব্যাংকের আশঙ্কা, দেশের আরো ২০% পরিবার দরিদ্র হয়ে পড়ার উচ্চ ঝুঁকিতে রয়েছে। তাই, এক্ষেত্রে পিকেএসএফ-এর কাজ করার অনেক সুযোগ রয়েছে।

চতুর্থ শিল্প বিপ্লব ও জনমিতিক সুবিধা (বর্তমানে দেশের জনসংখ্যার ৬৫% কর্মক্ষম) কাজে লাগিয়ে তরুণদের নানাবিধ ডিজিটাল বিষয় সংবলিত উদ্যোগে সম্পৃক্ত করতে পিকেএসএফ বিশেষ ভূমিকা রাখতে পারে। কৃষি প্রধান এ দেশের কৃষিতে উন্নয়ন ছাড়া গত্যান্তর নেই। তাই কৃষিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে পিকেএসএফ কাজ করছে। কৃষিপণ্যকে নিরাপদ ও পুষ্টিকর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে। চাষীদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য নিশ্চিতের স্বার্থে কৃষি প্রক্রিয়াজাতকরণে বিশেষ নজর দেয়া হচ্ছে। এছাড়া, গ্রামাঞ্চলে অপুষ্টি মোকাবেলা, গৃহায়ন, সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে পিকেএসএফ বৈষম্যহীন নতুন এক বাংলাদেশ গড়তে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

আমার পরামর্শক্রমে পিকেএসএফ-এর কর্মকর্তারা আর্থ-সামাজিক ও প্রযুক্তিগত পরিবর্তনশীলতাকে বিবেচনায় নিয়ে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়নে কাজ করছেন। পিকেএসএফ-এর সহযোগী সংস্থাগুলো প্রাথমিকভাবে ক্ষুদ্রঋণ নিয়ে কাজ শুরু করার ফলে মানুষের আর্থিক অবস্থা কিছুটা ভালো হলেও শিক্ষা, স্বাস্থ্য ও বিভিন্ন সুবিধায় অভিগম্যতার অভাব দূরীভূত হয়নি। এ প্রেক্ষিতে, আয় দারিদ্র্য দূরীকরণের পাশাপাশি সামাজিক ও মানবিক দারিদ্র্য এবং এ জাতীয় সকল অনুষঙ্গ পিকেএসএফ-এর কৌশলগত পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে এগোতে হবে। এছাড়া, অঞ্চলভিত্তিক বৈষম্য রোধে কর্মপন্থা নির্ধারণ করতে হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মতে, দারিদ্র্য দেশের উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গে স্থানান্তরিত হয়েছে। তাই এখন দক্ষিণবঙ্গে কার্যক্রম সম্প্রসারণে মনোযোগী হতে হবে। কী কারণে দক্ষিণবঙ্গে যোগ্য সংস্থা গড়ে উঠছে না বা বিদ্যমান সংস্থাগুলো পিকেএসএফ-এর সহযোগী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত হতে পারছে না, তা খতিয়ে দেখে দক্ষিণবঙ্গের দারিদ্র্য বিমোচনে উপযুক্ত কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ নিচ্ছে পিকেএসএফ।

পিকেএসএফ সকল ক্ষেত্রে ডিজিটালাইজেশন নিশ্চিত করতে কাজ করছে। ইতোমধ্যে কিছু সহযোগী সংস্থা ঋণগ্রহীতাদের সাথে ডিজিটাল মাধ্যমে লেনদেন করছে। ক্রমান্বয়ে পিকেএসএফ-কে **Paperless** প্রতিষ্ঠানে রূপান্তরিত করার লক্ষ্য রয়েছে। এছাড়া, কর্মকর্তাগণ কৃত্রিম বুদ্ধিমত্তা ও **Internet of Things (IoT)** বিষয়ে পারঙ্গমতা অর্জনপূর্বক দারিদ্র্য বিমোচনে এসব প্রযুক্তির কার্যকর ব্যবহার নিশ্চিতের কাজে মনোনিবেশ করছেন। জলবায়ু পরিবর্তনের অভিঘাতে প্রতিবছর বহু মানুষ নানাভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। ক্রস-কাটিং ইস্যু হিসেবে বিষয়টিকে সকল প্রকল্পে অন্তর্ভুক্ত করা হচ্ছে। কৌশলগত পরিকল্পনার আওতায় জলবায়ু পরিবর্তন খাতে বেশি জোর দেয়া হবে।

পিকেএসএফ-এর এযাবৎকালের সাফল্যের জন্য পিকেএসএফ-এর প্রতিষ্ঠা ও এর বিকাশে জড়িত সকল বোদ্ধাগণ, বিশেষত অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ-সহ পিকেএসএফ-এর সকল সময়ের পর্ষদ সদস্যবৃন্দের প্রতি কৃতজ্ঞতা জানাই। তাদের সঠিক দিকনির্দেশনার ফলেই পিকেএসএফ আজ এ পর্যায়ে এসে দাঁড়িয়েছে। এছাড়া, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্য পিকেএসএফ-এর কর্মসূচিতে অংশগ্রহণকারী সদস্য, সহযোগী সংস্থা, আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী, পিকেএসএফ-এর কর্মকর্তা-কর্মচারীগণকে জানাই আন্তরিক মোবারকবাদ। সর্বোপরি, পিকেএসএফ-এর প্রতি অব্যাহত সমর্থনের জন্য সরকারের প্রতি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সকলের সম্মিলিত প্রচেষ্টায় পিকেএসএফ দেশের দারিদ্র্য বিমোচনে লক্ষ্যণীয় অবদান রাখার পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়ে দেশের মুখ উজ্জ্বল করে চলেছে। সবশেষে, নতুন যে কৌশলগত পরিকল্পনা তৈরি হচ্ছে, তা কার্যকরভাবে বাস্তবায়ন করে ভবিষ্যতে দেশের দারিদ্র্য বিমোচনে পিকেএসএফ ঈর্ষণীয় ভূমিকা রাখতে সক্ষম হবে বলে আমি আশাবাদী।

(জাকির আহমেদ খান)



# মুখবন্ধ

**ব্যবস্থাপনা পরিচালক**

> সবাই একসাথে মিলে কাজ করলেই কেবল আমরা একটি অন্তর্ভুক্তিমূলক, টেকসই এবং সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সক্ষম হবো।

২০২৩-২০২৪ অর্থবছরে আমার সহকর্মী, সহযোগী সংস্থাসমূহ, অংশীজন এবং তৃণমূলের সদস্যদের অবিচল সহযোগিতা ও নিষ্ঠার জন্য আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ। বাংলাদেশের নিম্ন আয়ের জনগোষ্ঠীর ক্ষমতায়ন এবং টেকসই উন্নয়নে পিকেএসএফ-এর লক্ষ্যকে আরও এগিয়ে নেওয়ার যাত্রায় এ বছরটি ছিল তাৎপর্যপূর্ণ।

আমাদের সাধারণ পর্ষদ ও পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান ও সদস্যদের কৌশলগত দিকনির্দেশনা এবং নীতি সহায়তার জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।

ক্ষুদ্র উদ্যোগে অব্যাহত গুরুত্ব প্রদানের মাধ্যমে পিকেএসএফ অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থানের সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। আমরা সুনির্দিষ্ট কর্মসূচির মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি, অর্থায়নের সুযোগ সৃষ্টি এবং বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদানের মাধ্যমে তাদের সামগ্রিক সক্ষমতা বৃদ্ধি করছি। ক্ষুদ্র উদ্যোগ উন্নয়নে আমাদের কৌশলের কেন্দ্রে রয়েছে শোভন কর্মসংস্থান সৃষ্টি, মূল্য সংযোজিত পণ্যের বৈচিত্র্যায়ন এবং সম্পদ-সাশ্রয়ী পরিচ্ছন্ন উৎপাদন। উদ্যোক্তা সৃষ্টির পাশাপাশি টেকসই জীবিকায়ন ও স্থানীয় অর্থনীতির স্থিতিশীলতা বৃদ্ধির দিকেও আমাদের বিশেষ মনোযোগ রয়েছে।

মানসম্মত প্রকল্প বাস্তবায়নে পিকেএসএফ-এর অবিচল, আপোসহীন প্রত্যয়ের মাধ্যমে আমরা বাংলাদেশ সরকার ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের স্বীকৃতি অর্জন করতে পেরেছি। পিকেএসএফ-এর একাধিক প্রকল্প আন্তর্জাতিকভাবে শ্রেষ্ঠত্বের স্বীকৃতি পেয়েছে, যা উন্নয়ন অংশীদার

হিসেবে আমাদের কার্যকারিতা ও বিশ্বাসযোগ্যতাকে আরও সুদৃঢ় করেছে।

প্রতি বছর প্রায় বিশ লক্ষ তরুণ শ্রমবাজারে প্রবেশ করছে, যা দেশের জন্য একই সাথে একটি বড় চ্যালেঞ্জ ও একটি বিশাল সম্ভাবনা। এমন বাস্তবতায় পিকেএসএফ উদ্ভাবনী, চাহিদাতাড়িত দক্ষতা উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন করছে। এমন একটি প্রকল্পের মাধ্যমে পিকেএসএফ প্রায় ৯ হাজার কারিগরি শিক্ষাকেন্দ্র স্থাপন করছে। আরেকটি প্রকল্পের আওতায় ২০ হাজারেরও বেশি তরুণকে, বিশেষ করে সুবিধাবঞ্চিতদের, বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করছে। দক্ষতা উন্নয়নের পাশাপাশি প্রশিক্ষণপ্রাপ্তদের আর্থিক সহায়তা দিয়ে তাদের জন্য আমরা টেকসই আত্মকর্মসংস্থানের পথ সুগম করছি।

দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বৃদ্ধির জন্য আমরা কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাতে নানা উদ্যোগ বাস্তবায়ন করছি। অর্থায়নের পাশাপাশি কৃষকদের জন্য প্রযুক্তি হস্তান্তর, দক্ষতা বৃদ্ধি এবং বাজার সংযোগ সৃষ্টিতে কাজ করছি। পিকেএসএফ-এর সহায়তায় আমাদের সহযোগী সংস্থাসমূহ বর্তমানে দেশের মোট কৃষি ঋণের প্রায় ৬০% বিতরণ করছে।

অতিদরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমরা সুপরিকল্পিতভাবে তাদের মৌলিক সেবা, সামাজিক সুরক্ষা এবং আয়ের সুযোগ সৃষ্টিতে নানা উদ্যোগ বাস্তবায়ন করছি। এ সকল সহায়তা প্রদানের মাধ্যমে আমরা দারিদ্র্য বিমোচনের জন্য আরও অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত কার্যক্রম বাস্তবায়ন করছি।

জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ক্রমবর্ধমান ঝুঁকির প্রেক্ষাপটে পিকেএসএফ জলবায়ু অভিযোজন এবং সহনশীলতা বৃদ্ধিতে এর কার্যক্রমের ব্যাপ্তি বৃদ্ধি করছে। গ্রিন ক্লাইমেট ফান্ড (জিসিএফ) ও অ্যাডাপ্টেশন ফান্ডের 'ডিরেক্ট অ্যাক্সেস এনটিটি' হিসেবে আমরা বন্যা, লবণাক্ততা এবং খরা মোকাবিলায় বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছি। আমাদের কার্যক্রম টেকসই কৃষি, পানি ব্যবস্থাপনা ও দুর্যোগ ঝুঁকি হ্রাসে গুরুত্ব প্রদানের মাধ্যমে ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর অভিযোজন সক্ষমতা বৃদ্ধি এবং তাদের জীবনমানের উন্নয়ন ঘটাচ্ছে।

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর ১৭টি অভীষ্টের মধ্যে অন্তত ১২টির সাথে পিকেএসএফ-এর কাজ প্রত্যক্ষভাবে সম্পৃক্ত। অন্যান্য অভীষ্টগুলোর সাথেও আমাদের কার্যক্রমের পরোক্ষ সম্পৃক্তি রয়েছে। এমন বহুমাত্রিকতার ফলে দেশজুড়ে পিকেএসএফ-এর কার্যক্রমের দীর্ঘস্থায়ী ফলাফল সৃষ্টি করা সম্ভব হয়েছে।

ভবিষ্যতের জন্য আমরা সুদূরপ্রসারী লক্ষ্য নির্ধারণ করেছি। সকল কর্মসূচিতে জলবায়ুর সাথে মানানসই (ক্লাইমেট-স্মার্ট) প্রযুক্তি এবং কৌশল অন্তর্ভুক্ত করে এবং স্থানীয় ও আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে সম্পর্ক জোরদার করার মাধ্যমে সম্পদ ও দক্ষতার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার পরিকল্পনা রয়েছে আমাদের। এছাড়া, আমাদের কর্মকাঠামোয় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তি সন্নিবেশিত করে ডিজিটাল ট্রান্সফর্মেশনের চলমান ধারার সাথে তাল মিলিয়ে এগিয়ে যেতে পিকেএসএফ এবং সহযোগী সংস্থার কর্মীদের প্রয়োজনীয় সক্ষমতা উন্নয়নে আমরা কাজ করছি।

আমাদের প্রতি অব্যাহত আস্থা, সহযোগিতা এবং বিশ্বাস প্রদর্শনের জন্য পিকেএসএফ-এর পক্ষ থেকে আমি আমাদের সকল অংশীজনকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই। সবাই একসাথে মিলে কাজ করলেই কেবল আমরা একটি অন্তর্ভুক্তিমূলক, টেকসই এবং সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সক্ষম হবো।

ধন্যবাদ।

(মোঃ ফজলুল কাদের)

# পরিচালন

## সাধারণ পর্ষদ

পিকেএসএফ-এর সাধারণ পর্ষদ পিকেএসএফ-এর নীতিমালা সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব পালন করে। কর্মসৃজনকে প্রাধান্য দিয়ে দারিদ্র্য বিমোচনে বহুমুখী কার্যক্রম বাস্তবে রূপ দেয়ার ক্ষেত্রে এ পর্ষদ ব্যবস্থাপনাকে সার্বিক নির্দেশনা প্রদান করে।

উন্নয়নের মূলস্রোতে অনগ্রসর জনগোষ্ঠীসমূহকে সম্পৃক্ত করার প্রত্যয়ে পিকেএসএফ কর্তৃক গৃহীত সকল উদ্যোগ ও কর্মকাণ্ড তদারকি ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে সাধারণ পর্ষদ।

পর্ষদের প্রধান কার্যাবলির মধ্যে রয়েছে পিকেএসএফ-এর বার্ষিক বাজেট এবং নিরীক্ষিত হিসাব বিবরণী অনুমোদন। এছাড়া, পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ কর্তৃক উপস্থাপিত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনার দায়িত্বও পালন করে সাধারণ পর্ষদ।

সাধারণ পর্ষদের সভা বছরে দু'বার অনুষ্ঠিত হয়। নিয়মিত বার্ষিক সাধারণ সভা ডিসেম্বর মাসে এবং অপর সাধারণ সভাটি জুন মাসে অনুষ্ঠিত হয়। পিকেএসএফ-এর সাধারণ পর্ষদের সদস্য সংখ্যা সর্বোচ্চ ২৫ জন। এর মধ্যে ১৫ জন সদস্য সরকারি সংস্থা, স্বেচ্ছাসেবী সংস্থার সাথে জড়িত ব্যক্তিগণ অথবা দারিদ্র্য বিমোচন বা আয়বৃদ্ধিমূলক কার্যক্রমে কাজ করার অভিজ্ঞতা রয়েছে এবং/অথবা এরূপ কাজে আগ্রহী বেসরকারি ব্যক্তিবর্গ সরকার কর্তৃক মনোনীত হন এবং অবশিষ্ট ১০ জন সদস্য সহযোগী সংস্থার প্রতিনিধিত্বকারী ব্যক্তিবর্গ এবং/অথবা দারিদ্র্য বিমোচন বা আয়বৃদ্ধিমূলক কার্যক্রমে কাজ করার অভিজ্ঞতা রয়েছে এবং/অথবা এরূপ কাজে আগ্রহী বেসরকারি ব্যক্তিবর্গের মধ্য থেকে পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত হন।

**পিকেএসএফ-এর সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম হলো সাধারণ পর্ষদ**



*ছবি: ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত পিকেএসএফ-এর ৩৫তম বার্ষিক সাধারণ সভা*

# সাধারণ পর্ষদের সদস্যবৃন্দ

(৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত)

**জাকির আহমেদ খান**
চেয়ারম্যান, পিকেএসএফ
সাবেক অর্থ সচিব, অর্থ মন্ত্রণালয়

**মোঃ ফজলুল কাদের**
ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

**ড. সহিদ আকতার হোসাইন**
উপাচার্য, ইস্টার্ন ইউনিভার্সিটি

**নূরুন নাহার**
ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক

**ফারজানা চৌধুরী**
প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড

**ড. মোঃ তৌফিকুল ইসলাম**
অধ্যাপক, ডিপার্টমেন্ট অফ পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড সোশিওলজি, নর্থ সাউথ ইউনিভার্সিটি

**লীলা রশিদ**
সাবেক নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক

**আকতারী মমতাজ**
সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**এ. এন. শামসুদ্দিন আজাদ চৌধুরী**
সাবেক সদস্য, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মোঃ রইছউল আলম মণ্ডল**
চেয়ারম্যান, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক; সাবেক সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ড. মোঃ শহীদ উজ জামান**
নির্বাহী পরিচালক, ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)
(পিকেএসএফ-এর একটি সহযোগী সংস্থা)

**গওহার নঈম ওয়ারা**
আন্তর্জাতিক পরামর্শক ও বিশিষ্ট প্রাবন্ধিক

**নাছিমা বেগম**
নির্বাহী পরিচালক, শিশু নিলয় ফাউন্ডেশন
(পিকেএসএফ-এর একটি সহযোগী সংস্থা)

**ড. আব্দুল্লাহ আল মাহমুদ**
অধ্যাপক, ডিপার্টমেন্ট অফ ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স, ঢাকা বিশ্ববিদ্যালয়

**মোঃ মোয়াজ্জেম হোসেন**
সাবেক মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

**ড. জাইদী সাত্তার**
চেয়ারম্যান ও প্রধান নির্বাহী, পলিসি রিসার্চ ইনস্টিটিউট অফ বাংলাদেশ

**সালেহ উদ্দিন**
নির্বাহী সম্পাদক, দৈনিক ইত্তেফাক

**মোঃ খাজা মাঈন উদ্দিন**
সাবেক সভাপতি, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম অফ বাংলাদেশ
সদস্য, জাতীয় প্রেস ক্লাব ও ঢাকা রিপোর্টার্স ফোরাম

**মোঃ জিয়াউর রহমান**
সাংবাদিক, আউটসোর্সিং, নিউজ নেটওয়ার্ক-এ কর্মরত

**শাহনাজ শারমীন রিনভী**
সিনিয়র সাংবাদিক; সাবেক প্রেসিডেন্ট, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম

**ড. সাজ্জাদ জহির**
নির্বাহী পরিচালক, ইকোনমিক রিসার্চ গ্রুপ

**দেওয়ান এ এইচ আলমগীর**
উন্নয়ন পরামর্শক

**সামসুল হক জাহিদ**
সম্পাদক ও প্রধান নির্বাহী, দ্য ফাইনান্সিয়াল এক্সপ্রেস

**সামিনা সরকার**
সাবেক অধ্যাপক (অর্থনীতি), সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ

# পরিচালন

## পরিচালনা পর্ষদ

পিকেএসএফ-এর সাধারণ পর্ষদের তত্ত্বাবধানে পরিচালিত পরিচালনা পর্ষদের দায়িত্ব হলো পিকেএসএফ-এর উদ্দিষ্ট লক্ষ্য অর্জনে কার্যক্রমের দিকনির্দেশনা প্রদান ও কর্মপরিধি নির্ধারণ।

প্রকল্প বা কর্মসূচির অনুমোদন, অনুদান, ঋণ বা সহযোগী সংস্থাকে প্রদেয় অন্যান্য আর্থিক সহায়তাসহ এ পর্ষদ পিকেএসএফ-এর আর্থিক নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করে। পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা সাত। পর্ষদের চেয়ারম্যান ও অন্য দুইজন সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত হন। বাকি তিনজন সদস্য সাধারণ পর্ষদ কর্তৃক মনোনীত হন।

সরকারের পরামর্শ সাপেক্ষে পরিচালনা পর্ষদ পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক-কে নিয়োগ দেয়। ব্যবস্থাপনা পরিচালক পিকেএসএফ-এর প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। পদাধিকারবলে তিনি পিকেএসএফ-এর পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদের সদস্য।

### পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ
(৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত)

জাকির আহমেদ খান, চেয়ারম্যান
মোঃ ফজলুল কাদের, সদস্য
ড. সহিদ আকতার হোসাইন, সদস্য
নূরুন নাহার, সদস্য
ফারজানা চৌধুরী, সদস্য
ড. মোঃ তৌফিকুল ইসলাম, সদস্য
লীলা রশিদ, সদস্য



পিকেএসএফ পরিচালনা পর্ষদের সদস্যদের সম্পর্কে বিস্তারিত জানতে কিউআর কোডটি স্ক্যান করুন।

# ব্যবস্থাপনা



পিকেএসএফ-এর ব্যবস্থাপনায় মেধাবী এবং সুদক্ষ জনবল দ্বারা গঠিত। পিকেএসএফ-এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ একটি সমন্বিত নেটওয়ার্কের মাধ্যমে এর সুদূরপ্রসারী লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে কাজ করে। তীব্র প্রতিযোগিতাপূর্ণ এবং অত্যন্ত স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে মেধাবী এবং বিচক্ষণ কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে পিকেএসএফ দৃঢ় প্রতিজ্ঞ।

ব্যবস্থাপনা পরিচালক পিকেএসএফ-এর প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানের সুষ্ঠু, স্বচ্ছ, জবাবদিহিতামূলক দক্ষ ব্যবস্থাপনা এবং কার্যক্রম বাস্তবায়নে তাকে সহায়তা প্রদান করেন একজন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এবং পাঁচজন উপ-ব্যবস্থাপনা পরিচালক।

একজন সিনিয়র মহাব্যবস্থাপকের তত্ত্বাবধানে নিরীক্ষা শাখা, এবং একজন মহাব্যবস্থাপকের তত্ত্বাবধানে জনবল শাখা পরিচালিত হয়। তারা সরাসরি ব্যবস্থাপনা পরিচালকের নিকট রিপোর্ট করেন। এছাড়া, ০৮টি প্যানেলের মাধ্যমে পিকেএসএফ-এর ঋণ কার্যক্রম পরিচালিত হয়। প্রতিটি প্যানেল প্রায় ২৫টি সহযোগী সংস্থার তত্ত্বাবধানে নিয়োজিত।

পিকেএসএফ-এর বিভিন্ন প্রকল্প সাধারণত পৃথক প্রকল্প বাস্তবায়ন ইউনিটের মাধ্যমে পরিচালিত হয়।

### কর্মকর্তা-কর্মচারী

২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত পিকেএসএফ-এ সর্বমোট ৪৩৩ জন কর্মকর্তা-কর্মচারী কর্মরত রয়েছেন। এদের মধ্যে ২৩৭ জন নিয়মিত কর্মকর্তা, ১৪ জন চুক্তিভিত্তিক কর্মকর্তা, ১১০ জন প্রকল্পভুক্ত কর্মকর্তা এবং ৭২ জন কর্মচারী (সাপোর্ট স্টাফ)।

পিকেএসএফ
কর্মকর্তা-কর্মচারীদের পূর্ণাঙ্গ
তালিকা দেখতে কিউআর
কোডটি স্ক্যান করুন...

# পিকেএসএফ পরিবার



# কর্মবণ্টন

(০৮ জানুয়ারি ২০২৫ থেকে কার্যকর)




* রক্ষণাবেক্ষণ, প্রকিউরমেন্ট ও বিশেষ তহবিল 'সাধারণ সেবা'র আওতাধীন

** MIS, DSS, Digitalization এবং অন্যান্য সংশ্লিষ্ট কার্যাদি IT শাখার আওতাধীন

*** Innovation এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) 'গবেষণা ও উন্নয়ন' শাখার আওতাধীন থাকবে।

MIS= Management Information System. DSS= Decision Support System. SMART= Sustainable Microenterprise and Resilient Transformation Project. RMTP= Rural Microenterprise Transformation Project. PPEPP-EU= Pathways to Prosperity for Extremely Poor People . SICIP= Skills for Industry Competitiveness and Innovation Program. RAISE= Recovery and Advancement of Informal Sector Employment, KGF= Kuwait Goodwill Fund for Promotion of Food Security in Islamic Countries. MFCE= Microenterprise Financing and Credit Enhancement Project, IRMP= The Project for Developing Inclusive Risk Mitigation Program for Sustainable Poverty Reduction, BD Rural WASH= Bangladesh Rural Water, Sanitation and Hygiene for Human Capital Development Project, LIFT= Learning and Innovation Fund to Test New Ideas, SAKD= Social Advocacy and Knowledge Dissemination (সাংস্কৃতিক ও ক্রীড়া, যুব, কৈশোর প্রবীণ কর্মসূচি; কর্মসূচি সহায়ক তহবিল)। FAST= Food Systems and Sustainable Transformation, ECCCP= Extended Community Climate Change Project, GCF= Green Climate Fund, RHL= Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh.

# পিকেএসএফ-এর
# আর্থিক কার্যক্রম

## সর্বমোট সদস্য
**২ কোটি**

সংগঠিত গ্রুপে সদস্যগণ মাঠ পর্যায়ের সহযোগী সংস্থা কর্তৃক পরিচালিত পিকেএসএফ-এর সকল কার্যক্রমের মূল চালিকা শক্তি। ৩০ জুন ২০২৪ পর্যন্ত পিকেএসএফ-এর সকল সহযোগী সংস্থার সর্বমোট সদস্য ২ কোটি, যার ৯২% নারী। একই সময়ে, ঋণগ্রহীতার সংখ্যা ১.৫২ কোটি। এর মধ্যে নারী ১.৪১ কোটি, যা মোট ঋণগ্রহীতার ৯২.৭৬%।

## ২১৪
## সহযোগী সংস্থা

৩০ জুন ২০২৪ পর্যন্ত পিকেএসএফ-এর সহযোগী সংস্থার সংখ্যা ২১৪। এ সহযোগী সংস্থাগুলো পিকেএসএফ-এর সকল কর্মসূচি ও প্রকল্প মাঠপর্যায়ে বাস্তবায়ন করে।

২০২৩-২৪ অর্থবছরে **১১ লক্ষ** নতুন সদস্য অন্তর্ভুক্ত

## নারীর অংশগ্রহণ




## মোট ঋণগ্রহীতার
**৯২.৭৬%** নারী






৭ বছরের সঞ্চয় প্রবৃদ্ধি
(কোটি টাকায়)

## সদস্যদের মোট সঞ্চয়

**২৮,২৩৭.৮৫** কোটি টাকা

২০২৩-২৪ অর্থবছরে সঞ্চয়

**৪,০৭৪.৩৫** কোটি টাকা

## পিকেএসএফ-সহযোগী সংস্থা

### ঋণ বিতরণ ও ঋণস্থিতি

পিকেএসএফ-এর আর্থিক পরিষেবা ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে অবিচ্ছিন্ন প্রবৃদ্ধি রেকর্ড করেছে। ২০২২-২৩ অর্থবছরে পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে আর্থিক পরিষেবার পরিমাণ ছিল ৬,৭১৯.৭২ কোটি টাকা। ২০২৩-২৪ অর্থবছরে আর্থিক এ পরিষেবার পরিমাণ দাঁড়ায় ৭,৫৫৩.১২ কোটি টাকায়, যা আগের বছরের তুলনায় ১২.৪০% বেশি।

সহযোগী সংস্থাগুলোর নিকট
পিকেএসএফ-এর ঋণস্থিতি

**১১,৮২০.৬৭** কোটি টাকা

৩০ জুন ২০২৪ তারিখে সহযোগী সংস্থাগুলোর নিকট পিকেএসএফ-এর ঋণস্থিতি দাঁড়িয়েছে ১১,৮২০.৬৭ কোটি টাকায়।

## সহযোগী সংস্থা-ঋণগ্রহীতা

২০২৩-২৪ অর্থবছরে সহযোগী সংস্থা থেকে
সদস্যদের মাঝে বিতরণকৃত ঋণের পরিমাণ

**১,১৫,১২৩.০৮** কোটি টাকা

২০২২-২৩ অর্থবছরে সহযোগী সংস্থা থেকে সদস্যদের মাঝে ১,০৪,০৬০.৭০ কোটি টাকার ঋণ বিতরণ করা হয়।

### ঋণ বিতরণ ও ঋণস্থিতি

২০২৩-২৪ অর্থবছরে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১,১৫,১২৩.০৮ কোটি টাকায়, যা আগের বছরের তুলনায় ১০.৬৩% বেশি।

৩০ জুন ২০২৪ তারিখে সদস্যদের নিকট সহযোগী সংস্থাগুলোর ঋণস্থিতি ছিল ৭১,৩৫৮.০৯ কোটি টাকা।

## পিকেএসএফ ও সহযোগী সংস্থাসমূহের ঋণস্থিতির প্রবৃদ্ধি (কোটি টাকায়)




## কর্মসূচি অনুযায়ী গড় ঋণের আকার (টাকায়)



## সহযোগী সংস্থা থেকে সদস্য পর্যায়ে বিভিন্ন কর্মসূচিতে ঋণস্থিতির হার
(জুন ২০২৪ পর্যন্ত)




## খাতওয়ারি উদ্যোগ উন্নয়ন ঋণস্থিতির হার
(জুন ২০২৪ পর্যন্ত)



## সময়ের পরিক্রমায় পিকেএসএফ...

| সাল | কর্মসূচি/প্রকল্প | মূল বৈশিষ্ট্য | সহযোগিতায় |
|---|---|---|---|
| ১৯৯১ | গ্রামীণ ক্ষুদ্রঋণ কর্মসূচি | দরিদ্রদের অর্থায়ন | বাংলাদেশ সরকার |
| ১৯৯৬ | পোভার্টি এলিভিয়েশন মাইক্রোফিন্যান্স প্রজেক্ট-১ | বিদ্যমান ক্ষুদ্রঋণ কর্মসূচির সম্প্রসারণ | বিশ্বব্যাংক |
| ১৯৯৭ | পার্টিসিপেটরি লাইভস্টক ডেভেলপমেন্ট প্রজেক্ট (PLDP) | কারিগরি সহায়তাসহ প্রাণিসম্পদ উন্নয়নে অর্থায়ন | এডিবি |
| ১৯৯৮ | ট্রেনিং এমপ্লয়মেন্ট এ্যান্ড ইনকাম জেনারেটিং প্রজেক্ট (যমুনা মাল্টিপারপাস ব্রিজ অথরিটি-JMBA) | ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ঋণ প্রদান | বাংলাদেশ সরকার |
| ১৯৯৯ | ইন্টিগ্রেটেড ফুড এসিসটেড ডেভেলপমেন্ট প্রজেক্ট (IFADEP) | অতিদরিদ্রদের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান | ইউরোপীয় ইউনিয়ন |
| ১৯৯৯ | সুন্দরবন বায়োডাইভার্সিটি কনজারভেশন প্রজেক্ট (SBCP) | বন ব্যবহারকারীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে অর্থায়ন | এডিবি |
| ১৯৯৯ | নগর ক্ষুদ্রঋণ কর্মসূচি | নগরের দরিদ্রদের অর্থায়ন | পিকেএসএফ |
| ২০০০ | সোশিও-ইকোনমিক রিহ্যাবিলিটেশন লোন প্রোগ্রাম (SRLP) | দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে অর্থায়ন | এডিবি |
| ২০০১ | ক্ষুদ্র উদ্যোগ ঋণ | অগ্রগামী ঋণগ্রহীতাদের অর্থায়ন | বাংলাদেশ সরকার |
| ২০০১ | পোভার্টি এলিভিয়েশন মাইক্রোফিন্যান্স প্রজেক্ট-২ | দরিদ্রদের জন্য গ্রামীণ ক্ষুদ্রঋণ, নগর ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোগ ঋণ প্রদান | বিশ্বব্যাংক |
| ২০০২ | ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ফর দ্যা পুওরেস্ট (FSP) | অতিদরিদ্রদের অর্থায়ন | বিশ্বব্যাংক |
| ২০০৩ | মাইক্রোফিন্যান্স এন্ড টেকনিক্যাল সাপোর্ট (MFTS) প্রজেক্ট | কারিগরি সহায়তাসহ প্রাণিসম্পদ উন্নয়নে অর্থায়ন | ইফাদ |
| ২০০৪ | লাইভলিহুড রেস্টোরেশন প্রজেক্ট (LRP) | দুর্যোগ উত্তরণে ঋণ সহায়তা প্রদান | বিশ্বব্যাংক |
| ২০০৪ | পার্টিসিপেটরি লাইভস্টক ডিভেলোপমেন্ট প্রজেক্ট-২ (PLDP-II) | কারিগরি সহায়তাসহ প্রাণিসম্পদ উন্নয়নে অর্থায়ন | এডিবি |
| ২০০৪ | অতিদরিদ্রদের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | অতিদরিদ্রদের কর্ম-সহায়ক ঋণ প্রদান | বাংলাদেশ সরকার |
| ২০০৫ | মাইক্রোফিন্যান্স ফর মার্জিনাল এন্ড স্মল ফারমার্স প্রজেক্ট (MFMSFP) | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ঋণ সহায়তা প্রদান | ইফাদ |
| ২০০৫ | মঙ্গা মিটিগেশন ইনিশিয়েটিভ পাইলট প্রোগ্রাম (MMIPP) | মৌসুমি ক্ষুধা নিরসনে উদ্যোগ | বিশ্বব্যাংক |
| ২০০৬ | মৌসুমি ঋণ | জীবিকায়নের সুযোগসমূহ শক্তিশালীকরণে সহায়তা প্রদান | পিকেএসএফ |
| ২০০৬ | লার্নিং এন্ড ইনোভেশন ফান্ড টু টেস্ট নিউ আইডিয়াস (LIFT) | দরিদ্রবান্ধব উদ্ভাবনীমূলক ধারণাসমূহে অর্থায়ন | ডিএফআইডি |
| ২০০৬ | প্রোগ্রামড ইনিশিয়েটিভস ফর মঙ্গা ইরাডিকেশন (PRIME) | মৌসুমি ক্ষুধা নিরসনে উদ্যোগ | ডিএফআইডি |
| ২০০৭ | ইমার্জেন্সি ২০০৭ ফ্লাড রিস্টোরেশন এন্ড রিকভারি এসিসটেন্স প্রোগ্রাম (EFRRAP) | দুর্যোগ উত্তরণে ঋণ সহায়তা প্রদান | বিশ্বব্যাংক |
| ২০০৭ | ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ফর দ্যা ওভারসিজ এমপ্লয়মেন্ট অফ দ্যা আল্ট্রাপুওর প্রজেক্ট (FSOEUP) | অতিদরিদ্রদের বৈদেশিক কর্মসংস্থানে সহায়তা | পিকেএসএফ |
| ২০০৭ | মাইক্রোফিন্যান্স সাপোর্ট ইন্টারভেনশন ফর এফএসভিজিডি এন্ড ইউপি বেনিফিশিয়ারিজ প্রজেক্ট | অতিদরিদ্রদের ঋণ ও কারিগরি সহায়তা প্রদান | ইউরোপীয় ইউনিয়ন |

## সময়ের পরিক্রমায় পিকেএসএফ...

| সাল | কর্মসূচি/প্রকল্প | মূল বৈশিষ্ট্য | সহযোগিতায় |
|---|---|---|---|
| ২০০৭ | রিহ্যাবিলিটেশন অব নন-মটোরাইজড ট্রান্সপোর্ট পুলার্স এন্ড পুওর ওনার্স (RNPPO) প্রজেক্ট | অযান্ত্রিক পরিবহন চালকদের পুনর্বাসন ঋণ প্রদান | বিশ্বব্যাংক |
| ২০০৭ | রিহ্যাবিলিটেশন অব সিডর এ্যাফেক্টেড কোস্টাল ফিশারি, স্মল বিজনেস এন্ড লাইভস্টক এন্টারপ্রাইজেস (RESCUE) | দুর্যোগ উত্তরণে আর্থিক সহায়তা প্রদান | বাংলাদেশ সরকার |
| ২০০৭ | রুরাল ইলেক্ট্রিফিকেশন ডিভেলাপমেন্ট প্রজেক্ট (REDP) | বিদ্যুৎ সেবা প্রাপ্তিতে সহায়তা | ডিএফআইডি |
| ২০০৭ | স্পেশাল এ্যাসিসটেন্স ফর হাউজিং অফ সিডর এ্যাফেক্টেড বরোয়ার্স (SAHOS) | দুর্যোগ উত্তরণে আর্থিক সহায়তা প্রদান | বাংলাদেশ সরকার |
| ২০০৮ | ফিন্যান্স ফর এন্টারপ্রাইজ ডিভেলাপমেন্ট এন্ড এমপ্লয়মেন্ট ক্রিয়েশন (FEDEC) প্রজেক্ট | ক্ষুদ্র উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং তাদের উৎপাদিত পণ্যের ভ্যালু চেইন উন্নয়ন | ইফাদ |
| ২০০৮ | কৃষিখাত ক্ষুদ্রঋণ কর্মসূচি | খাদ্যশস্য উৎপাদনে কৃষকদের সহায়তা প্রদান | পিকেএসএফ |
| ২০১০ | ডিভেলাপিং ইনক্লুসিভ ইন্স্যুরেন্স সেক্টর প্রজেক্ট (DIISP) | দরিদ্রদের বিমা সহায়তা প্রদান | এডিবি |
| ২০১০ | দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) | মানবমর্যাদা প্রতিষ্ঠায় পরিবারভিত্তিক সামগ্রিক উন্নয়ন | বাংলাদেশ সরকার ও পিকেএসএফ |
| ২০১০ | বিশেষ তহবিল | দরিদ্রদের জরুরি সহায়তা প্রদান | পিকেএসএফ |
| ২০১০ | হেল্‌থ ইন্স্যুরেন্স ফর দ্যা পুওর অফ বাংলাদেশ (HIPB) | বিমা প্রকল্প বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধিমূলক সহায়তা প্রদান | Rockefeller Foundation |
| ২০১১ | কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট (CCCP) | জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় দরিদ্রদের অভিযোজন ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা প্রদান | বিসিসিআরএফ |
| ২০১১ | কুয়েত গুডউইল ফান্ড ফর দ্যা প্রমোশন অফ ফুড সিকিউরিটি ইন ইসলামিক কান্ট্রিজ (KGFPFSIC) | ক্ষুদ্র উদ্যোক্তাদের বর্ধিত ঋণ সহায়তা প্রদান | কেএফএইডি |
| ২০১১ | কর্মসূচি সহায়ক তহবিল | দরিদ্রদের প্রয়োজন অনুযায়ী সহায়তা প্রদান | পিকেএসএফ |
| ২০১২ | বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড | বৈশ্বিক উষ্ণতার প্রভাব মোকাবিলায় দরিদ্রদের অভিযোজন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান | বাংলাদেশ সরকার |
| ২০১৩ | ইউপিপি-উজ্জীবিত | সম্বলহীন ও নারীপ্রধান খানাসমূহের অতিদারিদ্র্য থেকে টেকসই উত্তরণে সহায়তা প্রদান | ইউরোপীয় ইউনিয়ন, বাংলাদেশ সরকার ও পিকেএসএফ |
| ২০১৩ | কৃষি উন্নয়ন কার্যক্রম | দরিদ্রদের কর্মসংস্থান, দারিদ্র্য দূরীকরণ এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তার লক্ষ্যে প্রযুক্তিগত টেকসই প্রাণিসম্পদ, শস্য ও মৎস্য চাষ উন্নয়নে উদ্যোগ গ্রহণ | পিকেএসএফ |
| ২০১৪ | প্রমোটিং এগ্রিকালচারাল কমার্শিয়ালাইজেশন এ্যান্ড এন্টারপ্রাইজেস (PACE) | দারিদ্র্য দূরীকরণ ত্বরান্বিতকরণে কৃষি ও অকৃষি ক্ষুদ্র উদ্যোগ সম্প্রসারণ | ইফাদ ও পিকেএসএফ |
| ২০১৫ | স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) | আর্থসামাজিকভাবে পিছিয়েপড়া পরিবারের তরুণদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে মজুরিভিত্তিক ও স্ব-কর্মসংস্থান নিশ্চিতকরণ | এডিবি, বাংলাদেশ সরকার ও এসডিসি |

## সময়ের পরিক্রমায় পিকেএসএফ...

| সাল | কর্মসূচি/প্রকল্প | মূল বৈশিষ্ট্য | সহযোগিতায় |
|---|---|---|---|
| ২০১৬ | প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | দুর্দশাগ্রস্ত প্রবীণদের সহায়তা প্রদান | পিকেএসএফ |
| ২০১৬ | সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি | অর্থনৈতিক উন্নয়ন ও মানুষের সুকুমার বৃত্তির সমন্বয়ে দেশীয় সংস্কৃতি ও ক্রীড়া চর্চার মাধ্যমে একটি সংস্কৃতি ও ক্রীড়ামনস্ক সমাজ ও জাতি গঠন | পিকেএসএফ |
| ২০১৬ | নিম্ন আয়ের জনগোষ্ঠীর আবাসন সহায়তা প্রকল্প | বাংলাদেশে নির্বাচিত পৌরসভা এবং সিটি কর্পোরেশনে অপরিকল্পিতভাবে বসবাসরত নিম্ন আয়ের জনগোষ্ঠীর আবাসন ব্যবস্থার উন্নয়ন | বিশ্বব্যাংক |
| ২০১৭ | ওবিএ স্যানিটেশন মাইক্রোফিন্যান্স প্রোগ্রাম | স্যানিটারি ল্যাট্রিন নির্মাণের জন্য বাংলাদেশের গ্রামীণ দরিদ্রদের উপযুক্ত ঋণ সহায়তা প্রদান | বিশ্বব্যাংক |
| ২০১৭ | গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF)-এর স্বীকৃতি | বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবিলায় বিভিন্ন অভিযোজন পদক্ষেপ গ্রহণ | ইউএনএফসিসিসি |
| ২০১৮ | সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (SEP) | লক্ষ্যভুক্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশগতভাবে টেকসই উদ্যোগ গ্রহণে সহায়তা প্রদান | বিশ্বব্যাংক |
| ২০১৯ | মাইক্রোএন্টারপ্রাইজ ডিভেলাপমেন্ট প্রজেক্ট (MDP) | অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন এবং গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য নিরসনের লক্ষ্যে বিভিন্ন ক্ষুদ্র উদ্যোগে সহায়তা প্রদান | এডিবি |
| ২০১৯ | পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল (PPEPP) | অতিদরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন, মূলস্রোত অর্থনীতি ও কর্মসংস্থানে যুক্ত করা, অভিযোজন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সরকারি ও বেসরকারি সেবাপ্রাপ্তি নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত কাঠামো জোরদার করতে সহযোগিতা প্রদান | ডিএফআইডি ও ইউরোপিয়ান ইউনিয়ন |
| ২০১৯ | The Project for Developing Inclusive Risk Mitigation Program for Sustainable Poverty Reduction (IRMP) | দুর্যোগপ্রবণ এলাকার দরিদ্র মানুষের জলবায়ু পরিবর্তনের প্রভাব ও অন্যান্য দুর্যোগজনিত ঝুঁকি নিরসনে বিভিন্ন ধরনের আর্থিক ও অ-আর্থিক সেবা উদ্ভাবন, প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন | জাইকা |
| ২০২০ | রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (RMTP) | সম্ভাবনাময় উচ্চ মূল্যমানের কৃষিপণ্যের উৎপাদন ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে ভ্যালু চেইন কর্মকাণ্ড পরিচালনা; পুষ্টি ও খাদ্যের গুণগতমান নিশ্চিতকরণে প্রকল্পের মাধ্যমে উত্তম কৃষি চর্চা প্রয়োগের পাশাপাশি কৃষি পণ্যের ব্র্যান্ডিং ও বিপণনে সার্টিফিকেশন ও শনাক্তকরণের পদক্ষেপ; ক্ষুদ্র উদ্যোগ উন্নয়নে আর্থিক পরিষেবা এবং তথ্য-প্রযুক্তিসহ উদ্ভাবনীমূলক প্রযুক্তির প্রচলন | ইফাদ |
| ২০২০ | Strengthening Resilience of Livestock Farmers through Risk Reducing Services (LRMP) | সম্প্রসারিত পরিষেবা প্রদানের মাধ্যমে গবাদিপ্রাণির অসুস্থতা ও মৃত্যুঝুঁকি হ্রাস | এসডিসি |
| ২০২০ | Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) | বন্যাপ্রবণ এলাকার দরিদ্র মানুষের জলবায়ু অভিযোজন কার্যক্রমে অংশগ্রহণ ও চর্চা করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায় তাদের সক্ষমতা বাড়ানো | জিসিএফ ও পিকেএসএফ |

## সময়ের পরিক্রমায় পিকেএসএফ...

| সাল | কর্মসূচি/প্রকল্প | মূল বৈশিষ্ট্য | সহযোগিতায় |
|---|---|---|---|
| ২০২১ | মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH) প্রকল্প | এসডিজি'র ৬.১ ও ৬.২ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক সংস্কার ও ওয়াশ সেবার মানোন্নয়নের জন্য 'নিরাপদে পরিচালিত' পরিষেবাদি নিশ্চিতকরণ | বিশ্বব্যাংক, এআইআইবি ও পিকেএসএফ |
| ২০২১ | Livelihood Restoration Loan (LRL) | কোভিড-১৯-এর প্রভাব মোকাবিলায় গ্রামীণ এলাকার দরিদ্র উদ্যোক্তাদের ক্ষতিগ্রস্ত অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | বাংলাদেশ সরকার ও পিকেএসএফ |
| ২০২১ | Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) | কোভিড-১৯-এর প্রভাবে ক্ষতিগ্রস্ত পিকেএসএফ-এর সহযোগী সংস্থার ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা ও উৎপাদনশীলতা বাড়ানো এবং নিম্ন আয়ের পরিবারভুক্ত তরুণদের শিক্ষানবিশি (এপ্রেন্টিস) প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে কর্মে সম্পৃক্তকরণ | বিশ্বব্যাংক ও পিকেএসএফ |
| ২০২১ | Strengthening the capacity of PKSF, Executing Entities (EEs), and Implementing Entities (IEs) for effective participation in GCF activities in Bangladesh (in short, GCF Readiness Support Project -1) | গ্রিন ক্লাইমেট ফান্ড (জিসিএফ)-এর কার্যক্রমে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সক্রিয় অংশগ্রহণের জন্য সচেতনতা ও সক্ষমতা বৃদ্ধি করার পাশাপাশি জিসিএফ-এর অর্থায়নে প্রবেশগম্যতা বৃদ্ধি করা | জিসিএফ |
| ২০২৩ | Increasing the Capacity of Bangladesh's NDA and Direct Access Accredited Entities to Access GCF Resources (in short, GCF Readiness Support Project -02) | দীর্ঘমেয়াদি জলবায়ু পরিবর্তন সম্পর্কিত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি; এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সহযোগিতা প্রদান এবং জিসিএফ-এর অর্থায়নে প্রবেশগম্যতা বৃদ্ধি করা | জিসিএফ |
| ২০২৩ | Climate-resilient Infrastructure for Sustainable Community Life in the Haor Region of Bangladesh (giz-Haor Project) | জলবায়ু পরিবর্তনের ফলে সুনামগঞ্জ জেলার হাওর এলাকার বিপদাপন্ন জনগোষ্ঠীর জন্য অবকাঠামোগত উন্নয়ন সাধন এবং এর মাধ্যমে তাদের জীবনমানের গুণগত পরিবর্তন করা ও সম্পদের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণ | German Federal Ministry for the Environment (BMU), giz (Gesellschaft für Internationale Zusammenarbeit) |
| ২০২৩ | Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) Project | জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর জীবন ও সম্পদের ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে জলবায়ু অভিযোজন কার্যক্রমে তাদের অংশগ্রহণ এবং চর্চা নিশ্চিত করা। এছাড়া, তাদের উন্নত ও টেকসই জীবিকা অন্বেষণে সহযোগিতা প্রদান | জিসিএফ |
| ২০২৩ | Extended Community Climate Change Project-Drought (ECCCP-Drought) | সমন্বিত পানি ব্যবস্থাপনার মাধ্যমে বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলীয় বরেন্দ্র অঞ্চলের জনগোষ্ঠীর জলবায়ু পরিবর্তনজনিত খরার সাথে টেকসই অভিযোজনের সক্ষমতা বৃদ্ধি করা | জিসিএফ |
| ২০২৩ | Microenterprise Financing and Credit Enhancement (MFCE) Project | ক্ষুদ্র উদ্যোগসমূহে আর্থিক ও প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদানের মাধ্যমে টেকসই কর্মসংস্থান সৃষ্টি | এডিবি |
| ২০২৩ | সাসটেইনেবল মাইক্রোএন্টারপ্রাইজ এন্ড রেজিলিয়েন্ট ট্রান্সফরমেশন (এসএমএআরটি) প্রকল্প | ক্ষুদ্র-উদ্যোগে সম্পদ-সাশ্রয়ী ও ঘাত-সহিষ্ণু সবুজ প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ | বিশ্বব্যাংক |

# অন্তর্ভুক্তিমূলক ক্ষুদ্রঋণ কর্মসূচি

*দেশের পশ্চাৎপদ, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীসমূহের কর্মসংস্থান সৃষ্টি, জীবনমান উন্নয়ন ও দুর্যোগ-পরবর্তী পুনর্বাসনে পিকেএসএফ বিভিন্ন কর্মসূচির আওতায় ক্ষুদ্রঋণসহ অন্যান্য সহায়তা প্রদান করে। ২০২৩-২০২৪ অর্থবছরে বুনিয়াদ কর্মসূচির আওতায় মোট ঋণগ্রহীতা ছিল ৪.৯১ লক্ষ, জাগরণ-এর আওতায় ৮৬.৫২ লক্ষ, অগ্রসর-এর আওতায় ২৯.২৯ লক্ষ, এবং সুফলন-এর আওতায় ১২.৭৩ লক্ষ। এছাড়া, 'আবাসন' কর্মসূচি হতে ঋণ সহায়তা নিয়ে জুন ২০২৪ পর্যন্ত ২৩,৭৫২ পরিবার নতুন বাড়ি নির্মাণ এবং পুরনো বাড়ি সংস্কার ও সম্প্রসারণ করেছে। ঘূর্ণিঝড় রিমাল এবং ২০২৪ সালের আগস্টের বন্যায় দুর্যোগপীড়িতদের সহায়তায় 'সাহস' কর্মসূচিতে মোট ১২৪.৪৫ কোটি টাকা বিতরণ করা হয়।*





অতিদরিদ্রদের টেকসইভাবে আয়ের সুযোগ সৃষ্টি ও প্রাপ্য মানব মর্যাদা নিশ্চিতের লক্ষ্যে বিভিন্ন আর্থিক ও অ-আর্থিক সহযোগিতা প্রদান করছে এ কর্মসূচি...

# বুনিয়াদ

আজ থেকে দুই দশক আগেও বাংলাদেশে বিদ্যমান গতানুগতিক আর্থিক পরিষেবা থেকে অধিকাংশ ক্ষেত্রেই বাদ পড়তো অতিদরিদ্র জনগোষ্ঠী। এর পেছনে সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর অনীহা যেমন ছিলো, তেমনি সংশ্লিষ্ট জনগোষ্ঠীর দুর্বল আর্থ-সামাজিক অবস্থা ও সচেতনতার অভাবও দায়ী ছিলো। এছাড়া, যথাযথ উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবও এক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করত। এমন বাস্তবতায়, সনাতন আর্থিক পরিষেবা থেকে বাদ পড়াদের অন্তর্ভুক্ত করার জন্য পিকেএসএফ ২০০৪ সালে অতিদরিদ্রদের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম চালু করে। ২০১৪ সালে এ কর্মসূচির নাম দেয়া হয় 'বুনিয়াদ'।

## ২০২৩-২৪ অর্থবছরে অগ্রগতি

### পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়

ঋণ তহবিল সরবরাহ
**৪১১** কোটি টাকা

ঋণ তহবিল স্থিতি
**৫৫০.৬৪** কোটি টাকা







দেশব্যাপী বাস্তবায়নাধীন এ কর্মসূচির লক্ষ্য হলো আর্থিক ও অ-আর্থিক সহযোগিতা দেওয়ার মাধ্যমে অতিদরিদ্রদের জন্য টেকসইভাবে আয়ের সুযোগ সৃষ্টি ও প্রাপ্য মানব মর্যাদা নিশ্চিত করা।

স্বল্প সার্ভিস চার্জ এবং ঋণ পরিশোধের ধরনে নমনীয়তা হলো 'বুনিয়াদ' কর্মসূচির স্বতন্ত্র বৈশিষ্ট্য। সঞ্চয় জমা, উত্তোলন, ঋণ পরিশোধ, সমিতির সভায় উপস্থিতি, নতুন ঋণের জন্য ন্যূনতম সঞ্চয় জমা প্রভৃতি ক্ষেত্রেও নমনীয়তা রয়েছে। এছাড়া, পিকেএসএফ 'বুনিয়াদ'-এর আওতায় অতিদরিদ্রদের দুর্যোগ ব্যবস্থাপনা ঋণ এবং ভূমি ইজারা ঋণ প্রদান করে।




## সহযোগী সংস্থা থেকে সদস্য পর্যায়

২০২৩-২৪ অর্থবছর

মোট ঋণগ্রহীতা
**৪.৯১** লক্ষ

মোট ঋণ বিতরণ
**১,৩৯৬.০১** কোটি টাকা

মোট ঋণস্থিতি
**৭৬৪.৭৫** কোটি টাকা

গড় ঋণের আকার
**২৮,০০০** টাকা

সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি: জুন ২০২৪-এ বুনিয়াদ-এর আওতায় সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর মোট ঋণস্থিতি ছিল ৫৫০.৬৪ কোটি টাকা, যার মধ্যে বুনিয়াদ ঋণ কার্যক্রমে ৫৩৬.১৫ কোটি টাকা এবং UPP ঋণ কার্যক্রমে ১৪.৪৮ কোটি টাকা।

## বিভিন্ন ঋণ কার্যক্রমে সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি
(জুন ২০২৪-এ)

মোট ঋণস্থিতি
**৫৫০.৬৪** কোটি টাকা

বুনিয়াদ ঋণ কার্যক্রমে
**৫৩৬.১৫** কোটি টাকা

UPP ঋণ কার্যক্রমে
**১৪.৪৮** কোটি টাকা









পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে বুনিয়াদ-এর আওতায় বিভিন্ন ঋণ কার্যক্রমের ঋণস্থিতির হার হলো বুনিয়াদ ঋণ কার্যক্রমে ৯৭.৩৭% এবং UPP ঋণ কার্যক্রমে ২.৬৩%।

## সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতির হার

(জুন ২০২৪-এ)






UPP = আল্ট্রা পুওর প্রোগ্রাম

এ ঋণ কর্মসূচির লক্ষ্য হলো বাংলাদেশের গ্রাম ও শহরাঞ্চলে পরিবারভিত্তিক উদ্যোগ উন্নয়ন...

# জাগরণ

পিকেএসএফ-এর জন্মলগ্ন থেকেই 'জাগরণ' কর্মসূচির যাত্রা শুরু। সে সময় এটি 'গ্রামীণ ক্ষুদ্রঋণ' হিসেবে অভিহিত হতো। বিশেষ এ ঋণ কার্যক্রমের লক্ষ্য ছিলো পরিবারভিত্তিক উদ্যোগ উন্নয়ন। প্রায় সাড়ে তিন দশক জুড়ে এ কর্মসূচির মাধ্যমে গ্রামীণ দরিদ্রদের জন্য আর্থিক পরিষেবা সম্প্রসারিত করা হচ্ছে।

## ২০২৩-২৪ অর্থবছরে অগ্রগতি

### পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়

ঋণ তহবিল সরবরাহ
**১,৭৮৫.৬৩** কোটি টাকা

ঋণ তহবিল স্থিতি
**৩,১৯৯.৮৪** কোটি টাকা







'জাগরণ'-এর কার্যক্রম শুরুতে গ্রামাঞ্চলে সীমাবদ্ধ থাকলেও ১৯৯৯ সালে শহরাঞ্চলের দরিদ্রদেরও এ আর্থিক পরিষেবার পরিধির মধ্যে নিয়ে আসা হয়। শহরাঞ্চলে 'জাগরণ' কার্যক্রমে নারীর অংশগ্রহণ গ্রামাঞ্চলের তুলনায় বেশি এবং শ্রম বাজারে তাদের উচ্চতর অংশগ্রহণ, বস্তুগত সম্পদে আরও বেশি প্রবেশাধিকার এবং পরিবারে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অর্থবহ ভূমিকা রয়েছে।

জুন ২০২৪ পর্যন্ত 'জাগরণ' কর্মসূচির অধীনে পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা এবং সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে ক্রমপুঞ্জিভূত আর্থিক পরিষেবার পরিমাণ যথাক্রমে ২০,২৪৭.০৫ কোটি টাকা এবং ৩,১৪,০০৫.৯৯ কোটি টাকা।

**বছরভিত্তিক 'জাগরণ' ঋণ বিতরণ**

(পিকেএসএফ-সহযোগী সংস্থা পর্যায়)




## সহযোগী সংস্থা থেকে সদস্য পর্যায়

২০২৩-২৪ অর্থবছর

মোট ঋণগ্রহীতা
**৮৬.৫২** লক্ষ

মোট ঋণ বিতরণ
**৪১,৭৮১.৩৪** কোটি টাকা

মোট ঋণস্থিতি
**২৩,৮১৯.৭০** কোটি টাকা

গড় ঋণের আকার
**৫৩,০০০** টাকা

সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি: জুন ২০২৪-এ জাগরণ-এর আওতায় সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর মোট ঋণস্থিতি ছিল ৩,১৯৯.৮৪ কোটি টাকা, যার মধ্যে জাগরণ ঋণ কার্যক্রমে ৩১০০.৭৯ কোটি টাকা, গ্রামীণ ক্ষুদ্রঋণ কার্যক্রমে (RMC) ৯৬.৩২ কোটি টাকা এবং নগর ক্ষুদ্রঋণ কার্যক্রমে (UMC) ২.৭৩ কোটি টাকা।

## বিভিন্ন ঋণ কার্যক্রমে সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি

(জুন ২০২৪-এ)

মোট ঋণস্থিতি

**৩১৯৯.৮৪** কোটি টাকা

জাগরণ ঋণ কার্যক্রমে

**৩১০০.৭৯** কোটি টাকা

UMC ঋণ কার্যক্রমে

**২.৭৩** কোটি টাকা

RMC ঋণ কার্যক্রমে

**৯৬.৩২** কোটি টাকা









পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে জাগরণ-এর আওতায় বিভিন্ন ঋণ কার্যক্রমের ঋণস্থিতির হার হলো জাগরণ ঋণ কার্যক্রমে ৯৬.৫০%, গ্রামীণ ক্ষুদ্রঋণ কাযক্রমে ৩.০১% এবং নগর ক্ষুদ্রঋণ কার্যক্রমে ০.০৯%।

## সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতির হার

(জুন ২০২৪-এ)






টেকসই কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে উদ্যোগ উন্নয়নে কাজ করছে এ কর্মসূচি...

# অগ্রসর

টেকসই কর্মসংস্থান সৃষ্টি ছাড়া টেকসইভাবে দারিদ্র্য দূর করা সম্ভব নয়। আর জনবহুল এ দেশে টেকসই উদ্যোগ উন্নয়ন হতে পারে কর্মসংস্থান সৃষ্টির অন্যতম প্রধান ক্ষেত্র। এমন উপলব্ধি থেকে পিকেএসএফ ২০০১ সালে ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন কর্মসূচি চালু করে। পরবর্তীকালে এ কর্মসূচির নাম দেয়া হয় 'অগ্রসর'।

## ২০২৩-২৪ অর্থবছরে অগ্রগতি

### পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়

ঋণ তহবিল সরবরাহ
**২,২৪১.৫৬** কোটি টাকা

ঋণ তহবিল স্থিতি
**৪,৩১৫.৩৮** কোটি টাকা

ক্ষুদ্র উদ্যোগ উন্নয়নে পিকেএসএফ-এর কার্যক্রম ইতোমধ্যে দেশের অভ্যন্তরে ব্যাপকভাবে সম্প্রসারিত হয়েছে। পিকেএসএফ-কে ক্ষুদ্র উদ্যোগ খাতে বিশ্বের সবচেয়ে বড় অর্থায়নকারী প্রতিষ্ঠান হিসেবে আখ্যায়িত করেছে বিশ্বব্যাংক।







যেকোনো ব্যবসায়িক কর্মকাণ্ডে ১৫ লক্ষ টাকা (জমি ও স্থাপনা বাদে) বিনিয়োগ থাকলে, তা 'অগ্রসর'-এর আওতায় সহায়তা পাওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হয়। একজন উদ্যোক্তা 'অগ্রসর' কর্মসূচির আওতায় ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ নিতে পারেন।

জুন ২০২৪ পর্যন্ত, 'অগ্রসর'-এর আওতায় পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা এবং সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে ক্রমপুঞ্জিভূত আর্থিক পরিষেবার পরিমাণ যথাক্রমে ১৬,০৬৯.১৫ কোটি টাকা এবং ২,৩৯,৪১০.৯৭ কোটি টাকা।

### বছরভিত্তিক 'অগ্রসর' ঋণ বিতরণ

(পিকেএসএফ-সহযোগী সংস্থা পর্যায়)




## সহযোগী সংস্থা থেকে সদস্য পর্যায়

২০২৩-২৪ অর্থবছর

মোট ঋণগ্রহীতা

**২৯.২৯** লক্ষ

মোট ঋণ বিতরণ

**৪৫,০২৩.৬৮** কোটি টাকা

মোট ঋণস্থিতি

**৩১,৮৪২.৩৬** কোটি টাকা

গড় ঋণের আকার

**১,৮৭,০০০** টাকা

অগ্রসর কর্মসূচির আওতায় সমধর্মী বিভিন্ন প্রকল্পের অর্থায়ন কার্যক্রমও পরিচালনা করা হয়। প্রকল্পগুলো হলো SEP (সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট), RAISE (রিকভারি অ্যান্ড অ্যাডভান্সমেন্ট অফ ইনফর্মাল সেক্টর এমপ্লয়মেন্ট), ও MDP (মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট)। এছাড়া, বাংলাদেশ সরকার থেকে প্রাপ্ত তহবিলও এ কর্মসূচির আওতায় নির্বাহ করা হয়।

সহযোগী সংস্থা পর্যায়ে ঋণ তহবিল সরবরাহ: ২০২৩-২৪ অর্থবছরে পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে অগ্রসর-এর আওতায় মোট ২,২৪১.৫৬ কোটি টাকা ঋণ তহবিল সরবরাহ করা হয়। এর মধ্যে অগ্রসর ঋণ কার্যক্রমে ১৬০৯.৯৪ কোটি টাকা, Agrosor-SEP ঋণ কার্যক্রমে ৭ কোটি টাকা, CSL-SEP ঋণ কার্যক্রমে ১৬.৭০ কোটি টাকা এবং Agrosor-RAISE ঋণ কার্যক্রমে ৬০৭.৯২ কোটি টাকা ঋণ তহবিল সরবরাহ করা হয়।

## পিকেএসএফ-সহযোগী সংস্থা পর্যায়ে ঋণ তহবিল সরবরাহের হার

(জুন ২০২৪-এ)




সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি: জুন ২০২৪-এ অগ্রসর-এর আওতায় সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি ৪,৩১৫.৩৮ কোটি টাকা। এর মধ্যে অগ্রসর ঋণ কার্যক্রমে ছিল ২,৭৬১.৪৬ কোটি টাকা, ME-GOB ঋণ কার্যক্রমে ১১.৯৭ কোটি টাকা, Agrosor-MDP ঋণ কার্যক্রমে ৩১০.৮১ কোটি টাকা, Agrosor-SEP ঋণ কার্যক্রমে ৯৯.২২ কোটি টাকা, CSL-SEP ঋণ কার্যক্রমে ৪৭.৯২ কোটি টাকা এবং Agrosor-RAISE ঋণ কার্যক্রমে ১০৮৪.০১ কোটি টাকা।

## সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতির হার

(জুন ২০২৪-এ)










সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে ঋণ বিতরণ: ২০২৩-২৪ অর্থবছরে সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে অগ্রসর-এর আওতায় মোট ৪৫,০২৩.৬৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়। এর মধ্যে অগ্রসর ঋণ কার্যক্রমে ৪৩,৫৫৭.৮৫ কোটি টাকা, Agrosor-MDP ঋণ কার্যক্রমে ৪৩৪.৬৮ কোটি টাকা, Agrosor-SEP ঋণ কার্যক্রমে ২৬৩.৮১ কোটি টাকা, CSL-SEP ঋণ কার্যক্রমে ২৯.৮৫ কোটি টাকা এবং Agrosor-RAISE ঋণ কার্যক্রমে ৭৩৭.৪৯ কোটি টাকা ঋণ তহবিল সরবরাহ করা হয়।

## সহযোগী সংস্থা-ঋণগ্রহীতা পর্যায়ে ঋণ বিতরণের হার

(জুন ২০২৪-এ)




ঋণগ্রহীতা পর্যায়ে সহযোগী সংস্থার ঋণস্থিতি: জুন ২০২৪-এ অগ্রসর-এর আওতায় ঋণগ্রহীতা পর্যায়ে সহযোগী সংস্থার মোট ঋণস্থিতি ৩১,৮৪২.৩৬ কোটি টাকা। এর মধ্যে অগ্রসর ঋণ কার্যক্রমে ঋণস্থিতি ছিল ৩০,৮৫১.০৬ কোটি টাকা, Agrosor-MDP ঋণ কার্যক্রমে ৩৫০.৩৯ কোটি টাকা, Agrosor-SEP ঋণ কার্যক্রমে ১৬৩.৩৯ কোটি টাকা, CSL-SEP ঋণ কার্যক্রমে ১৭.২৬ কোটি টাকা এবং Agrosor-RAISE ঋণ কার্যক্রমে ৪৬০.২৬ কোটি টাকা।

## ঋণগ্রহীতা পর্যায়ে সহযোগী সংস্থার ঋণস্থিতির হার

(জুন ২০২৪-এ)




CSL = কমন সার্ভিস লোন । GOB = বাংলাদেশ সরকার

এ কর্মসূচির আওতায় শস্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, গবাদিপ্রাণী পালন, মৎস্য চাষ, কৃষি-বনায়নসহ বিভিন্ন আয়বর্ধক কর্মকাণ্ড বাস্তবায়ন করা হচ্ছে...

# সুফলন

ক্ষুদ্রায়তনের এ দেশে ক্রমবর্ধমান, সুবিশাল জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণে কৃষিকেন্দ্রিক বিশেষায়িত কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা থেকে পিকেএসএফ ২০০৫ সালে '**Microfinance for Marginal and Small Farmers Project (MFMSFP)**' শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করে।

প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষকের কল্যাণে বাস্তবায়িত এ প্রকল্পের সাফল্যে উদ্বুদ্ধ হয়ে পিকেএসএফ ২০০৮ সালে 'কৃষিখাত ক্ষুদ্রঋণ কর্মসূচি' গ্রহণ করে। এছাড়া, কৃষকদের মৌসুমি ফসল উৎপাদনে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ২০০৬ সালে 'মৌসুমি ঋণ কর্মসূচি' শুরু করা হয়। এর আট বছর পর, ২০১৪ সালে কর্মসূচি দু'টিকে একীভূত করে 'সুফলন' নাম দেয়া হয়।

'সুফলন'-এর আওতায় বিভিন্ন আর্থিক পরিষেবা গ্রহণ করে সদস্যরা শস্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, গবাদিপ্রাণী পালন, মৎস্য চাষ, কৃষি-বনায়নসহ বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকাণ্ড বাস্তবায়ন করছে।

## ২০২৩-২৪ অর্থবছরে অগ্রগতি

### পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়

ঋণ তহবিল সরবরাহ

**১,০৮৮.২৫** কোটি টাকা

ঋণ তহবিল স্থিতি

**৬১৪.৭৫** কোটি টাকা







এ কর্মসূচির সদস্যরা কৃষিপণ্য উৎপাদন ও বিক্রির পর এক কিস্তিতে গৃহীত ঋণ পরিশোধ করেন। এ সুবিধার কারণে ‘সুফলন’ কর্মসূচি কৃষকদের মাঝে, বিশেষ করে গরু মোটাতাজাকরণ এবং শস্য উৎপাদনে নিয়োজিত কৃষকদের কাছে অত্যন্ত জনপ্রিয়।

জুন ২০২৪ পর্যন্ত ‘সুফলন’-এর আওতায় পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা এবং সহযোগী সংস্থা থেকে ঋণগ্রহীতা পর্যায়ে ক্রমপুঞ্জিভূত আর্থিক পরিষেবার পরিমাণ যথাক্রমে ১৩,৩৬২.৭১ কোটি টাকা এবং ৬১,৭৩৯.৫৫ কোটি টাকা।

## বছরভিত্তিক ‘সুফলন’ ঋণ বিতরণ




## সহযোগী সংস্থা থেকে সদস্য পর্যায়
২০২৩-২৪ অর্থবছর

মোট ঋণগ্রহীতা
**১২.৭৩** লক্ষ

মোট ঋণ বিতরণ
**৮,৮৭৪.৪১** কোটি টাকা

মোট ঋণস্থিতি
**৪,৪৩৪.৫৬** কোটি টাকা

গড় ঋণের আকার
**৪০,০০০** টাকা

সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি: জুন ২০২৪-এ সুফলন-এর আওতায় সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর মোট ঋণস্থিতি ৬১৪.১৫ কোটি টাকা। এর মধ্যে সুফলন ঋণ কার্যক্রমে ঋণস্থিতি ছিল ৬১২.৯৫ কোটি টাকা এবং Seasonal (মৌসুমী) ঋণ কার্যক্রমে ১.২০ কোটি টাকা।

## বিভিন্ন ঋণ কার্যক্রমে সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতি
(জুন ২০২৪-এ)

মোট ঋণস্থিতি
**৬১৪.১৫** কোটি টাকা

সুফলন ঋণ কার্যক্রমে
**৬১২.৯৫** কোটি টাকা

মৌসুমী ঋণ কার্যক্রমে
**১.২০** কোটি টাকা









সুফলন-এর আওতায় বিভিন্ন ঋণ কার্যক্রমে সহযোগী সংস্থা পর্যায়ে পিকেএসএফ-এর ঋণস্থিতির হার হলো সুফলন ঋণ কার্যক্রমে ৯৯.৮০% এবং Seasonal ঋণ কার্যক্রমে ০.২০%।

## ঋণগ্রহীতা পর্যায়ে সহযোগী সংস্থার ঋণস্থিতির হার

(জুন ২০২৪-এ)






স্বল্প আয়ের মানুষের জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে তাদের আবাসন সুবিধা উন্নয়নে বাস্তবায়িত হচ্ছে এ কর্মসূচি...

# আবাসন

রাষ্ট্র তার সকল নাগরিকের খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও বাসস্থানসহ জীবনের মৌলিক চাহিদা নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। রাষ্ট্রায়ত্ত উন্নয়ন প্রতিষ্ঠান হিসাবে রাষ্ট্রের এ অঙ্গীকার পূরণে ভূমিকা রাখার লক্ষ্যে পিকেএসএফ ২০১৯ সালে 'আবাসন' ঋণ কর্মসূচি বাস্তবায়ন শুরু করে। এর লক্ষ্য স্বল্প আয়ের মানুষের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য তাদের আবাসন সুবিধা উন্নয়ন।

## এক নজরে কর্মসূচি

কর্মসূচি বাস্তবায়নকারী সহযোগী সংস্থা: **২৪**

কর্মএলাকা

**৪৮** জেলা

**৯৫** উপজেলা

মোট ঋণগ্রহণকারী পরিবারের সংখ্যা

**২৩,৭৫২**

জুন ২০২৪ পর্যন্ত বিতরণ

**৬০৪.৫০**
কোটি টাকা





সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে পরিচালিত এ কর্মসূচি ৪৮ জেলার ৯৫ উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। ২৪টি সহযোগী সংস্থা তাদের ১৯৩টি শাখার মাধ্যমে আবাসন কার্যক্রম পরিচালনা করছে।

**এ কর্মসূচির আওতায় জুন ২০২৪ পর্যন্ত মোট ৬০৪.৫০ কোটি টাকা আবাসন ঋণ গ্রহণ করে ২৩,৭৫২টি পরিবার নতুন বাড়ি নির্মাণ এবং পুরনো বাড়ি সংস্কার ও সম্প্রসারণ করেছে। এর মধ্যে, ২০২৩-২৪ অর্থবছরেই ৯,৭৫৯টি পরিবার মোট ২৮২.৮০ কোটি টাকা ঋণ গ্রহণ করে।**

এ ঋণ সহায়তা গ্রহণের মাধ্যমে তারা যে শুধু তাদের বাড়ির অবকাঠামোগত উন্নয়ন ঘটিয়েছে, তা নয়; এর সাথে সাথে পরিবারের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত হয়েছে এবং তাদের মানসিক প্রশান্তি ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে। আবাসন ঋণ কর্মসূচি টেকসই উন্নয়ন অভীষ্ট বা এসডিজি-এর ১১ নং অভীষ্ট (টেকসই নগর ও সমাজ) অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।



এ কর্মসূচির আওতায় দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অর্থনৈতিক কার্যক্রম পুনরুদ্ধারে সহায়তা প্রদান করা হয় ...

# সাহস

ভৌগোলিক কারণে বাংলাদেশ একটি অন্যতম দুর্যোগপ্রবণ দেশ। দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর ওপর দুর্যোগের প্রভাব ও তীব্রতা অনেক বেশি হয়। এমন বাস্তবতায় দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের জন্য পিকেএসএফ-এর 'সাহস' ঋণ কর্মসূচির আওতায় ঋণ সহায়তা প্রদান করা হয়।









**বাংলাদেশে ২০২৪ সালের আগস্ট মাসের বন্যায় ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অর্থনৈতিক কার্যক্রম পুনরুদ্ধারের লক্ষ্যে পিকেএসএফ হতে সহযোগী সংস্থা পর্যায়ে সাহস ঋণ কর্মসূচির আওতায় ১১২.৯৫ কোটি টাকা বিতরণ করা হয়।**

দেশের পূর্বাঞ্চলে ২০২৪ সালের আগস্ট মাসে ঘটে যাওয়া ভয়াবহ বন্যায় সিলেট ও চট্টগ্রাম বিভাগের ১১ জেলা ক্ষতিগ্রস্ত হয়। এ সকল জেলা হলো ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, খাগড়াছড়ি, নোয়াখালী, মৌলভীবাজার, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, লক্ষ্মীপুর ও কক্সবাজার। এ জেলাগুলোয় পিকেএসএফ-এর কার্যক্রম বাস্তবায়নকারী ৫০টি সহযোগী সংস্থার ১,৮৬৯টি শাখার ১৪.৪১ লক্ষাধিক সদস্য বন্যায় ক্ষতিগ্রস্ত হয়।

দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অর্থনৈতিক কার্যক্রম পুনরুদ্ধারের লক্ষ্যে পিকেএসএফ-এর পর্ষদ দ্রুত সময়ের মধ্যে ২৮ আগস্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৫৪তম সভায় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালার আওতায় সাহস ঋণ কর্মসূচিতে ২০০ কোটি টাকা ঋণ মঞ্জুরি দেয়।

বরাদ্দকৃত মঞ্জুরি হতে ইতিমধ্যে পিকেএসএফ হতে সহযোগী সংস্থা পর্যায়ে সাহস ঋণ কর্মসূচির আওতায় সংস্থার চাহিদার ভিত্তিতে ১১২.৯৫ কোটি টাকা বিতরণ সম্পন্ন হয়েছে। পাশাপাশি, এ ঋণ কর্মসূচির আওতায় সংস্থার চাহিদার ভিত্তিতে ঋণ বিতরণ অব্যাহত রয়েছে।

সাহস ঋণ কর্মসূচির আওতায় সহযোগী সংস্থা পিকেএসএফ হতে ০.৫০% হারে এবং সদস্যরা সহযোগী সংস্থা হতে ন্যূনতম ৪% সার্ভিস চার্জ হারে ঋণ পেয়ে থাকে। ঋণের পাশাপাশি পিকেএসএফ পর্ষদ বন্যাক্রান্ত এলাকার সদস্যদের ঔষধসহ জরুরি প্রয়োজন মেটানোর জন্য ২.৮০ কোটি টাকার অনুদান মঞ্জুরি প্রদান করে যা দ্রুততম সময়ের মধ্যে মাঠ পর্যায়ে বিতরণ করা হয়।

উল্লেখ্য, মে ২০২৪ মাসে ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত ১৯ জেলায় পিকেএসএফ-এর কার্যক্রম বাস্তবায়নকারী ৮টি সহযোগী সংস্থার অনুকূলে সাহস ঋণ কর্মসূচিতে মোট ১১.৫০ কোটি টাকা বিতরণ করা হয়।

# পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রকল্প

*জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় অবকাঠামো উন্নয়ন, জলবায়ু সহনশীল কৃষি ও বাসস্থান নির্মাণসহ নাজুক জনগোষ্ঠীর অভিযোজন সক্ষমতা বৃদ্ধি ও জীবনমান উন্নয়নে পিকেএসএফ বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে। giz-হাওর প্রকল্পের আওতায় ৭,৫০০ হাওরবাসী, বরেন্দ্র অঞ্চলে ECCCP-Drought প্রকল্পের মাধ্যমে ২.১৫ লক্ষ মানুষ, এবং RHL প্রকল্পের আওতায় উপকূলীয় অঞ্চলে প্রত্যক্ষভাবে ৩.৬০ লক্ষ মানুষ ও পরোক্ষভাবে ৭.৫০ লক্ষ মানুষের উন্নয়নে কাজ করছে পিকেএসএফ। এছাড়া, বন্যাপ্রবণ এলাকায় নাজুক জনগোষ্ঠীর বন্যা মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধিতে বাস্তবায়িত হয়েছে পিকেএসএফ-এর ECCCP-Flood প্রকল্প।*







হাওরাঞ্চলের জীববৈচিত্র্য সংরক্ষণ, হাটি রক্ষা ও মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে কাজ করছে এ প্রকল্প ...

# giz-হাওর প্রকল্প

বাংলাদেশের হাওর এলাকা প্রতিবছর আকস্মিক বন্যায় আক্রান্ত হয়। বন্যাসৃষ্ট ঢেউয়ে ভেঙ্গে যায় হাওরের ঘর-বাড়ি, ক্ষতি হয় ফসলের। ফলে, অর্থনৈতিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ছে এ জনপদের মানুষ। হাওরবাসীর এ বিপদাপন্নতা বিবেচনা করে পিকেএসএফ জার্মান সরকারের IKI Small Grants Program-এর আওতায় সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ ও দিরাই উপজেলার তিনটি ইউনিয়নে Climate-resilient Infrastructure for Sustainable Community Life in the Haor Region of Bangladesh, সংক্ষেপে giz-হাওর, শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।

## প্রকল্প পরিচিতি

### নাম
**Climate-resilient Infrastructure for Sustainable Community Life in the Haor Region of Bangladesh**

### কর্মএলাকা
সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ ও দিরাই উপজেলার তিনটি ইউনিয়ন

### অর্থায়নকারী
**IKI Small Grants Program**, জার্মান সরকার

### তহবিল
**০.৯৬৯** মিলিয়ন ইউরো

### উপকারভোগী
৭,৫০০ জন










প্রকল্পের কর্মএলাকা

হাওর এলাকায় অপেক্ষাকৃত উঁচু স্থানে একসাথে বেশ কিছু পরিবার গুচ্ছাকারে বাস করে। এসব উঁচু এলাকাকে স্থানীয়ভাবে 'হাটি' হিসেবে অভিহিত করা হয়। নির্বাচিত হাটিসমূহে সুরক্ষা ব্যবস্থা, স্থানীয় জাতের বৃক্ষ রোপণ, কমিউনিটি কমন স্পেস উঁচুকরণ কর্মকাণ্ড বাস্তবায়ন, ও জীববৈচিত্র্য সংরক্ষণের মাধ্যমে হাটিগুলোকে রক্ষা এবং সেখানকার মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে দুই বছর মেয়াদি প্রকল্পটি মার্চ ২০২৩ থেকে বাস্তবায়িত হচ্ছে।

প্রকল্পটি জার্মান সরকারের উন্নয়ন সংস্থা giz-এর সার্বিক তত্ত্বাবধানে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে ৭,৫০০ হাওরবাসীর জীবনমানের উল্লেখযোগ্য ইতিবাচক পরিবর্তন ঘটবে।



জলবায়ু পরিবর্তনজনিত খরা মোকাবিলায় বাস্তবায়িত হচ্ছে এ প্রকল্প...

# ECCCP-DROUGHT প্রকল্প

বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। বাংলাদেশ সরকারের পাশাপাশি পিকেএসএফ জলবায়ু পরিবর্তনজনিত কারণে খরা মোকাবিলায় নানা ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় গ্রিন ক্লাইমেট ফান্ড (জিসিএফ)-এর অর্থায়নে 'Extended Community Climate Change Project-Drought (ECCCP-Drought)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে পিকেএসএফ।

## প্রকল্প পরিচিতি

### নাম
**Extended Community Climate Change Project-Drought (ECCCP-Drought)**

### মেয়াদ
৪ বছর (অক্টোবর ২০২৩ - সেপ্টেম্বর ২০২৭)

### কর্মএলাকা
রাজশাহী, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ জেলার ১৪ উপজেলা

### তহবিল
৩ কোটি মার্কিন ডলার
জিসিএফ: ২.৫ কোটি ডলার
পিকেএসএফ: ০.৫ কোটি ডলার

### উপকারভোগী
২,১৫,০০০ জন







চার বছর মেয়াদি এ প্রকল্পের প্রধান কার্যক্রমগুলো হলো জলবায়ু পরিবর্তন বিষয়ে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি, কৃত্রিম উপায়ে ভূ-গর্ভস্থ পানির স্তর পুনঃভরণ, পুকুর ও খাল পুনঃখনন এবং খরাসহিষ্ণু ফসলের চাষ সম্প্রসারণ।

এ প্রকল্পের আওতায় **4R (Reduce-Reuse-Recharge-Recycle)** ধারণা ব্যবহার করে কৃত্রিম উপায়ে ভূ-গর্ভস্থ পানি পুনঃভরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর সাথে ভূ-উপরিস্থ পানি সংরক্ষণের জন্য পুকুর ও খাল/খাঁড়ি পুনঃখনন করা হবে। প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক প্রণীত প্রকল্প বাস্তবায়ন গাইডলাইন অনুসরণ করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাগুলো মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়ন করবে।

এরই মধ্যে, **ECCCP-Drought** প্রকল্প মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য ১৮টি সংস্থার সাথে অনুদান চুক্তি হয়েছে। পিকেএসএফ-এর তালিকাভুক্ত দুই শতাধিক সহযোগী সংস্থার মধ্য থেকে কঠোর এক প্রক্রিয়ার মাধ্যমে এ সংস্থাগুলোকে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়।

## কর্মশালা

গত ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে **ECCCP-Drought** প্রকল্পের অবহিতকরণ কর্মশালা রাজশাহীর গ্রিন রিভারভিউ হোটেলে অনুষ্ঠিত হয়। এতে সরকারি বিভিন্ন দপ্তরের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি, পিকেএসএফ-এর সহযোগী সংস্থার প্রতিনিধি, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধি ও পিকেএসএফ-এর কর্মকর্তাসহ শতাধিক প্রতিনিধি অংশগ্রহণ করেন।

## প্রশিক্ষণ

**ECCCP-Drought** প্রকল্পের কার্যক্রম মাঠ পর্যায়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ১৮টি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার ফোকাল পার্সন, শাখা কর্মকর্তা ও সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তা এবং প্রকল্পভুক্ত নবনিযুক্ত সকল কর্মকর্তাকে তিন দিনব্যাপী 'জলবায়ু পরিবর্তন ও প্রকল্প ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়। জয়পুরহাট জেলায় জাকস ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে আয়োজিত এ প্রশিক্ষণে ০৫ মে থেকে ০৬ জুন ২০২৪ পর্যন্ত মোট ছয়টি ব্যাচে ১৮৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

দুর্যোগপ্রবণ এলাকার মানুষের বন্যা মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ প্রকল্প বাস্তবায়ন করছে পিকেএসএফ...

# ECCCP-FLOOD প্রকল্প

বন্যায় বাংলাদেশের মানুষের জীবন-জীবিকা, বাসস্থান, অবকাঠামো, ফসল উৎপাদন ইত্যাদি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। বন্যার কারণে প্লাবনভূমিতে বসবাসরত মানুষের জীবনে নেতিবাচক প্রভাব পড়ে। চরে বসবাসরত মানুষ, বিশেষ করে কৃষক ও মৎস্যচাষিরা আরও বেশি ক্ষতির শিকার হয়। এ সময় নারীরা সবচাইতে বেশি ঝুঁকিতে থাকে। জলবায়ু পরিবর্তনের অভিঘাতের ফলে বন্যার তীব্রতা বৃদ্ধি পাওয়ায় বাসস্থান, বিশুদ্ধ খাবার পানি, স্যানিটেশন, কৃষি উৎপাদনশীলতা ইত্যাদির ওপর ব্যাপক নেতিবাচক প্রভাব পড়ছে।

## প্রকল্প পরিচিতি

**নাম**

Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood)

**কর্মএলাকা**

লালমনিরহাট, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর জেলার ১১টি উপজেলা

**মেয়াদ**

এপ্রিল ২০২০ - মে ২০২৪

**তহবিল**

১.৩৩ কোটি মার্কিন ডলার
জিসিএফ: ৯৬.৮ লক্ষ ডলার
পিকেএসএফ: ৩৬.৫ লক্ষ ডলার

**প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা**

৯টি







বন্যার এহেন ধ্বংসাত্মক প্রভাব থেকে মানুষকে সুরক্ষা দিতে বাংলাদেশ সরকারের বিভিন্ন পদক্ষেপের সাথে সামঞ্জস্য রেখে পিকেএসএফ জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় কাজ করছে। এর ধারাবাহিকতায় দুর্যোগপ্রবণ জনগোষ্ঠীর বন্যা মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গ্রিন ক্লাইমেট ফান্ড (জিসিএফ)-এর অর্থায়নে 'Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood)' শীর্ষক প্রকল্পটি পাঁচ জেলার বন্যাপ্রবণ এলাকায় বাস্তবায়ন করে পিকেএসএফ।

মে ২০২৪-এ শেষ হওয়া এ প্রকল্পের আওতায় জলবায়ু-সহনশীল বাসস্থান, নিরাপদ খাবার পানির উৎস, বন্যাসহিষ্ণু স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন, মাচায় ছাগল পালন, উচ্চমূল্যের ফসল চাষ ইত্যাদি সহায়তা প্রদান করা হয়। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমের লক্ষ্য ও অর্জনের চিত্র নিম্নরূপ:

| ক্রম | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ০১ | বসতভিটা উঁচুকরণ | ১০,০০০ | ১০,০০০ |
| ০২ | বসতভিটা মেরামতের জন্য ঋণ প্রদান | ১০,০০০ | ১০,০০০ |
| ০৩ | মাচায় ছাগল পালনে সহায়তা প্রদান | ১০,০০০ | ১০,০০০ |
| ০৪ | অগভীর নলকূপ স্থাপন | ৫০০ | ৫০০ |
| ০৫ | বন্যাসহিষ্ণু স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন | ২,৮১০ | ২,৮১০ |
| ০৬ | বন্যাসহিষ্ণু আমন ধান চাষ | ৬,০০০ | ৬,০০০ |
| ০৭ | স্বল্পমেয়াদি, তাপসহনশীল ও রোগ প্রতিরোধী জাতের গম চাষ | ৪,০০০ | ৪,০০০ |
| ০৮ | বালু জমিতে মিষ্টি কুমড়া চাষ | ২,০০০ | ২,০০০ |

প্রকল্পের আওতায় বসতভিটা উঁচুকরণের ফলে একদিকে যেমন প্রকল্প অংশগ্রহণকারীরা বন্যার সময়ও নিজ গৃহে অবস্থান করছেন, তেমনি গবাদিপ্রাণী পালন করতে সক্ষম হচ্ছেন। এছাড়া, নিরাপদ খাবার পানির প্রাপ্যতা নিশ্চিত হচ্ছে, জলবায়ু-সহনশীল স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনের ব্যবহার বৃদ্ধি পেয়েছে, সারা বছর ধরে এ সকল বসতভিটায় নানা রকমের সবজি চাষ হচ্ছে, যা দিয়ে দৈনন্দিন চাহিদা পূরণের পাশাপাশি অনেক সদস্য শাক-সবজি বাজারে বিক্রয়ের মাধ্যমে বাড়তি আয়ও করছেন। ফলজ এবং ভেষজ গাছ রোপণের ফলে বসতভিটার মাটির ক্ষয়রোধ হচ্ছে। সর্বোপরি, ECCCP-Flood প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় পর্যায়ে একটি দক্ষ জনগোষ্ঠী তৈরি হয়েছে, যারা বন্যা তথা জলবায়ু পরিবর্তনের সার্বিক প্রভাব মোকাবিলায় আগের চেয়ে অনেক বেশি সক্ষম।

জলবায়ু পরিবর্তনের ফলে ঝুঁকিতে থাকা উপকূলীয় জনগোষ্ঠীর অভিযোজন সক্ষমতা এবং বিকল্প আয় বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবন ও জীবিকার মান উন্নয়নে কাজ করছে এ প্রকল্প...

# RHL প্রকল্প

জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিতে থাকা বাংলাদেশের উপকূলীয় জনগোষ্ঠীর জন্য বাংলাদেশ সরকারের ক্লাইমেট চেঞ্জ স্ট্র্যাটেজি এ্যান্ড এ্যাকশন প্ল্যান-এর সাথে সামঞ্জস্য রেখে পিকেএসএফ উপকূলীয় এলাকায় জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় 'Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।

## প্রকল্প পরিচিতি

### নাম
**Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL)**

### মেয়াদ
পাঁচ বছর (২০২৩-২০২৮)

### অর্থায়নকারী
জিসিএফ এবং পিকেএসএফ

### তহবিল
**৪.৯৯** কোটি মার্কিন ডলার
জিসিএফ: ৪.২২ কোটি ডলার
পিকেএসএফ: ০.৭৭ কোটি ডলার







**প্রকল্পটি সাতটি উপকূলীয় জেলার (কক্সবাজার, ভোলা, পটুয়াখালী, বরগুনা, সাতক্ষীরা, বাগেরহাট ও খুলনা) প্রায় ৩,৬০,০০০ মানুষকে প্রত্যক্ষভাবে এবং ৭,৫০,০০০ জনকে পরোক্ষভাবে উপকৃত করবে।**

এ প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে উপকূলীয় এলাকায় জলবায়ু সহনশীল বাড়ি নির্মাণ/পুনঃনির্মাণ/বসতভিটা উঁচুকরণ, কাঁকড়া হ্যাচারি/নার্সারি স্থাপন ও জলবায়ু সহনশীল কাঁকড়া চাষ, মাচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালন, বসতবাড়ির আঙিনায় লবণাক্ততা সহনশীল সবজি চাষ এবং বাড়ির আঙিনা ও কাঁকড়া খামারে ম্যানগ্রোভ বনায়ন। প্রকল্পটি জলবায়ু পরিবর্তনের ফলে ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর অভিযোজন সক্ষমতা এবং বিকল্প আয় বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবন ও জীবিকার মান উন্নয়ন করবে।

মাঠ পর্যায়ে প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে পিকেএসএফ-এর সহযোগী সংস্থার মধ্যে থেকে উন্মুক্ত এবং প্রতিযোগিতামূলক পদ্ধতিতে ১৬টি সহযোগী সংস্থাকে 'প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা' হিসেবে নির্বাচিত করা হয়েছে। প্রকল্পের সুবিধাভোগী নির্বাচনের প্রথম ধাপ হিসেবে অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন (PRA) কার্যক্রম চলমান রয়েছে। প্রায় ৮২ হাজার খানা নির্বাচনের জন্য ৩,২০০টি PRA পরিচালনা করা হবে।

এ প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা গত ২৯ জানুয়ারি ২০২৪ তারিখে খুলনার একটি হোটেলে অনুষ্ঠিত হয়। এছাড়া, ১৬টি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নিয়োগকৃত প্রকল্প-সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। প্রকল্প বিষয়ে স্থানীয় জনগোষ্ঠীকে অবহিত করার লক্ষ্যে প্রকল্প এলাকায় মোট ১৩টি অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয়েছে। সংস্থাগুলোর ফোকাল পার্সনদের প্রকল্প কার্যক্রমের ধারণা প্রদানের লক্ষ্যে ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে।

গত ২১ নভেম্বর ২০২৪ তারিখে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞদের মতামত ও অভিজ্ঞতা গ্রহণের লক্ষ্যে পিকেএসএফ ভবনে একটি কর্মশালা আয়োজন করা হয়। এ কর্মশালায় প্রাপ্ত সুপারিশের আলোকে পিকেএসএফ হতে এ পর্যন্ত বাড়ি নির্মাণের জন্য তিন ধরনের নকশা প্রস্তুত করা হয়েছে। যে এলাকায় যে ধরনের নকশা উপযোগী হবে, সে এলাকায় সে ধরনের বাড়ি নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হবে।

# ঝুঁকি প্রশমন



*কৃষি ও প্রাণিসম্পদ খাতের ঝুঁকি লাঘব এবং জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগণের সুরক্ষায় পিকেএসএফ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। এসব উদ্যোগের মাধ্যমে খামার ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি, গবাদিপ্রাণির স্বাস্থ্যসেবা ও জরুরি আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। জাইকা'র সহায়তায় বাস্তবায়নাধীন IRMP প্রকল্পের আওতায় উপকূলীয় এলাকার নিম্ন আয়ের মানুষের জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি হ্রাসে উপযুক্ত আর্থিক ও অ-আর্থিক সেবা নির্ধারণ ও সেবাসমূহ বাস্তবায়ন কৌশল নির্ধারণে কাজ করছে পিকেএসএফ।*



কৃষি ও প্রাণিসম্পদ খাতের ঝুঁকি লাঘবের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করছে পিকেএসএফ...

# ঝুঁকি প্রশমন কর্মসূচি

বাংলাদেশের ক্রমবর্ধমান মানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিধানে কৃষি ও প্রাণিসম্পদ খাতের ঝুঁকি লাঘবে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে পিকেএসএফ।

এসব কার্যক্রমের একটি অংশ পরিচালিত হয় 'ঝুঁকি প্রশমন ইউনিট'-এর মাধ্যমে। এর আওতায় গবাদিপ্রাণির অসুস্থতা ও মৃত্যুঝুঁকি হ্রাস এবং উন্নত খামার ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আর্থিক সেবার পাশাপাশি প্রান্তিক ও মাঝারি পর্যায়ের খামারিদের বিভিন্ন সেবা প্রদান করা হয়।

পাশাপাশি, এ ইউনিট প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের জন্য আর্থিক ও অ-আর্থিক সেবা উদ্ভাবনে উন্নয়ন সহযোগীদের সাথে কাজ করছে।









এ প্রকল্পের মাধ্যমে উপকূলীয় এলাকার নিম্ন আয়ের মানুষের জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি হ্রাসে উপযুক্ত আর্থিক ও অ-আর্থিক সেবা নির্ধারণ ও সেবাসমূহ বাস্তবায়নের কৌশল নির্ধারণে কাজ করছে পিকেএসএফ...

# IRMP প্রকল্প

পিকেএসএফ Japan International Cooperation Agency (JICA)-এর সহযোগিতায় 'The Project for Developing Risk Mitigation Program for Sustainable Poverty Reduction (IRMP)' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মার্চ ২০১৯ হতে আগস্ট ২০২৫ মেয়াদে বাস্তবায়ন করছে। প্রকল্পটি উপকূলীয় এলাকার নিম্ন আয়ের মানুষের জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি হ্রাসে উপযুক্ত আর্থিক ও অ-আর্থিক সেবা নির্ধারণ ও সেবাসমূহ বাস্তবায়নের কৌশল নির্ধারণের লক্ষ্যে কাজ করছে।

## প্রকল্প পরিচিতি

**নাম**

**The Project for Developing Risk Mitigation Program for Sustainable Poverty Reduction (IRMP)**

**মেয়াদ**

মার্চ ২০১৯ - আগস্ট ২০২৫

**প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা**

৭টি







প্রকল্পটি মাঠ পর্যায়ে বাস্তবায়নে নিয়োজিত রয়েছে ৭টি সহযোগী সংস্থা। প্রকল্পভুক্ত শাখাসমূহে ঘূর্ণিঝড়ের কেন্দ্রে বাতাসের গতিবেগ কমপক্ষে ৬৩ কি.মি. বা তার বেশি হলে এবং এর গতিপথের দূরত্ব সহযোগী সংস্থার শাখা অফিসের ৫০ কি.মি.-এর মধ্যে হলে প্রকল্পভুক্ত শাখার সকল সদস্যকে জরুরি আর্থিক সহায়তা প্রদান করা হয়।

সদস্যদের সুরক্ষায় চার ধরনের আর্থিক সেবা প্রদান করা হচ্ছে - সাইক্লোন সুরক্ষা, স্বাস্থ্য সুরক্ষা, সম্পদ সুরক্ষা ও ঋণ সুরক্ষা। সেবাগুলো সঠিকভাবে মানুষের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে মোট ১৪,৭৬৮ জন সদস্যকে ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, সহযোগী সংস্থাগুলোর ১০২ জন কর্মকর্তাকে প্রশিক্ষক প্রশিক্ষণ **(ToT)** দেওয়া হয়েছে।

**ঘূর্ণিঝড় ‘হামুন’ ও ‘মিধিলি’-এ ক্ষতিগ্রস্ত সদস্যদের ৪০ লক্ষ টাকা এবং পরবর্তীকালে ঘূর্ণিঝড় ‘রিমাল’-এর আঘাতে ক্ষতিগ্রস্ত সদস্যদের ৫৬ লক্ষ টাকা জরুরি আর্থিক সহায়তা দেয়া হয়।**

এ প্রকল্পের আওতায় অ-আর্থিক সেবা হিসেবে উপকূলীয় এলাকায় ছয়টি জলবায়ু-সহিষ্ণু মডেল ঘর নির্মাণ করা হয়েছে। এছাড়া, সদস্যদের মাঝে সচেতনতা বৃদ্ধি ও পারস্পরিক সহযোগিতাপূর্ণ মনোভাব সৃষ্টির লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে তথ্য বিনিময় করা হচ্ছে। পাশাপাশি, উপকূলীয় এলাকার ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কায় থাকা ঝুঁকিপূর্ণ গৃহ সংস্কারের লক্ষ্যে বিদ্যমান ঘরের জরিপ সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের আওতায় কৃষিক্ষেত্রে উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি ও কার্বন নিঃসরণ হ্রাসের লক্ষ্যে পরীক্ষামূলক কার্যক্রমও চলছে।

# ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন

*পিকেএসএফ বিভিন্ন ক্ষুদ্র উদ্যোগ উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টিতে, ও বাজার সংযোগ বৃদ্ধিতে সহায়তা দিচ্ছে। জুন ২০২৪ পর্যন্ত কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাতে মোট ১,২৯,৯৪০টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। কেজিএফ কর্মসূচির আওতায় ৩৪ জেলায় চলছে কৃষি প্রযুক্তি বিস্তার কার্যক্রম। MFCE প্রকল্পে প্রাথমিকভাবে ১ লক্ষ উদ্যোক্তা ঋণ সহায়তা, RAISE প্রকল্পে ১.৮৩ লক্ষ তরুণ ও ছোটো উদ্যোক্তার সক্ষমতা বৃদ্ধি, এবং RMTP প্রকল্পে প্রায় ৬ লক্ষ খামারি, উদ্যোক্তা ও উদ্যোগ সংশ্লিষ্ট মার্কেট অ্যাক্টর সহায়তা পাচ্ছেন। SEP প্রকল্পের আওতায় প্রশিক্ষণ সহায়তা পেয়েছেন ৫৯,৫০৬ উদ্যোক্তা। SMART প্রকল্পে ৮০,০০০ ক্ষুদ্র উদ্যোগে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা হবে।*





মানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে টেকসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণ এবং দেশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সক্ষমতা বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করছে পিকেএসএফ...

# কৃষিজ ক্ষুদ্র উদ্যোগ কর্মসূচি

বাংলাদেশের মানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে টেকসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণ এবং দেশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সক্ষমতা বৃদ্ধির জন্য নিবেদিতভাবে কাজ করছে পিকেএসএফ। এ কাজে নিবেদিত 'কৃষি ইউনিট'-এর মাধ্যমে কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাতে নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সদস্যদের আয় বৃদ্ধি ও কর্মসৃজন, এবং মাটির উর্বরতা রক্ষায় এ ইউনিট জলবায়ু ঝুঁকিপূর্ণ, সুবিধাবঞ্চিত এবং দারিদ্র্যপ্রবণ এলাকাকে বিশেষভাবে প্রাধান্য দিয়ে ৩৯টি সহযোগী সংস্থার মাধ্যমে ১০৪টি উপজেলায় বিভিন্ন পরীক্ষিত প্রযুক্তি সম্প্রসারণ করছে।







## কৃষি খাত

কৃষি খাতে জলবায়ুসহিষ্ণু, উচ্চ মূল্যের, উচ্চ ফলনশীল এবং অধিক পুষ্টিগুণ সমৃদ্ধ গ্রীষ্মকালীন টমেটো, অমৌসুমি তরমুজ চাষ, উচ্চমূল্যের ফল বাগান স্থাপন এবং বছরব্যাপী সবজি ও ফল উৎপাদনসহ বিভিন্ন প্রযুক্তি সম্প্রসারণ করা হয়। এছাড়া, পরিবেশবান্ধব মালচিং পেপার ব্যবহার, কোকোমিডিয়ায় মানসম্পন্ন চারা উৎপাদন, ট্রাইকো-কম্পোস্ট ও ভার্মি-কম্পোস্ট ব্যবহার করে নিরাপদ সবজি উৎপাদন, এবং সর্জান পদ্ধতিতে ফসল চাষসহ বিভিন্ন উপযুক্ত কৃষি প্রযুক্তি ও চাষাবাদ প্রক্রিয়া সম্প্রসারণে কাজ করা হয়।

### জুন ২০২৪ পর্যন্ত অর্জন

৩৪টি প্রযুক্তি বিষয়ক ৩৬,১০৩টি প্রদর্শনী স্থাপন

পরিবেশবান্ধব চাষ ব্যবস্থাপনা অনুশীলনের জন্য ১,৪৫০টি মাঠ দিবস এবং ৮টি উদ্বুদ্ধকরণ ভ্রমণ আয়োজন

১০,০৭৯ সদস্যের মাঝে ১,৩৩,৯৭৩টি ফেরোমন ফাঁদ, ২,০৫,৭০২টি ফলের ব্যাগ, ৬৮৭টি ইউরিয়া অ্যাপ্লিকেটর, ২৭,০৭৬টি পার্চিং স্টিক এবং সবজির বীজ বিতরণ করা হয়েছে।

### তামাকের বিকল্প ফসল উৎপাদন

কার্যক্রমটির মাধ্যমে ৩,৫৪২ হেক্টর জমিতে তামাকের পরিবর্তে উচ্চ মূল্যের ফসল চাষ হচ্ছে। এর ফলে, ৫,৬২১ জন তামাকচাষি বর্তমানে বিকল্প ফসল চাষ করছেন।

### নিরাপদ ফসল উৎপাদন ও বিপণন

কুমিল্লা ও মানিকগঞ্জ জেলার ৪০টি গ্রামের ৯১৭ জন কৃষক পরিবেশবান্ধব পদ্ধতিতে ট্রাইকো ও ভার্মিকম্পোস্ট ব্যবহার করে দেশীয় সবজি উৎপাদন করছেন, যা স্থানীয় বাজারে বিক্রির পাশাপাশি ইতালি ও ইংল্যান্ডে রপ্তানি হচ্ছে।

### তেল, ডাল এবং মসলা ফসলে কর্মসংস্থান

কর্মসংস্থান বাড়াতে তেল, ডাল ও মসলা ফসলের সম্প্রসারণ, প্রক্রিয়াজাতকরণ এবং বিপণনের লক্ষ্যে ১,২৬০ জন কৃষককে সম্পৃক্ত করে ১৭৩ একর জমিতে তেল, ডাল এবং মসলা ফসল চাষ হচ্ছে।

## মৎস্য খাত

এ খাতে অধিক বর্ধনশীল জি-৩ এবং সুবর্ণ রুই চাষ, আধা-নিবিড় কার্প মোটাতাজাকরণ এবং অণুপুষ্টিসম্পন্ন দেশীয় মাছ চাষসহ বেশ কয়েকটি মৎস্য প্রযুক্তি সম্প্রসারণ করা হচ্ছে। সম্প্রসারিত অন্যান্য প্রযুক্তির মাঝে রয়েছে মলা মাছের ব্রুড ব্যাংক স্থাপন, মূল্য সংযোজিত মৎস্য পণ্য উৎপাদন এবং খরা-প্রবণ এলাকায় বিশেষ ট্যাংকে মাছ চাষ। এছাড়া, কাঁকড়া মোটাতাজাকরণ, উপকূলীয় অঞ্চলে লবণাক্ততা-সহনশীল মাছ চাষ এবং মেরিকালচারের আওতায় গ্রীন মাসেল, ওয়েস্টার এবং সি-উইড চাষের মতো প্রযুক্তিও সম্প্রসারণ করা হচ্ছে।

## জুন ২০২৪ পর্যন্ত অর্জন

২৭,৮৭৮টি প্রদর্শনী স্থাপন

৬,৬২৪টি প্রতিরূপায়ণ

১৪,৪৩৩ কেজি মাছের পোনা উন্মুক্ত জলাশয়ে অবমুক্তকরণ

মাছ চাষিদের মাঝে ২২,৭৩০টি ঝাঁকি জাল বিতরণ

৬২১টি ক্লাস্টার গঠন

২৮,৯৭৫ সদস্যকে উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষে প্রশিক্ষণ প্রদান



## প্রাণিসম্পদ খাত

সুবর্ণ মুরগি পালন, লবণাক্ততা-সহনশীল প্রাণিখাদ্য উৎপাদন, জলবায়ু-সহনশীল হাঁস-মুরগি পালন এবং ব্যয়সাশ্রয়ী গবাদিপ্রাণী মোটাতাজাকরণসহ প্রাণিসম্পদ খাতে বিভিন্ন উন্নত প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে কর্মসংস্থান সৃজন, টেকসই উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করা হচ্ছে।

এ উদ্যোগসমূহের মাঝে নিরাপদ মাংস ও ডিম উৎপাদন, সর্বোত্তম চর্চা অনুশীলনপূর্বক গবাদিপ্রাণী পালন এবং দুগ্ধজাত পণ্যের বহুমাত্রিকীকরণ উল্লেখযোগ্য।

## জুন ২০২৪ পর্যন্ত অর্জন

৬৫,৯৫৯টি প্রদর্শনী খামার স্থাপন

১,৪৪৯টি ক্লাস্টার স্থাপন

৩৫টি ক্লাস্টারভিত্তিক ভ্যালু-চেইন হাব স্থাপন

এফএমডি, অ্যানথ্রাক্স এবং ডাক প্লেগ রোগ প্রতিরোধে ১৮.৭ লক্ষ গবাদিপ্রাণির গণটিকা এবং ৫.৮ লক্ষ প্রাণিকে কৃমিনাশক প্রদান

৬৮,৮৬৫ জন কৃষককে আধুনিক গবাদিপ্রাণী পালনে প্রশিক্ষণ প্রদান

৪০২টি প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র স্থাপন

### কৃষি যান্ত্রিকীকরণ কার্যক্রম

পিকেএসএফ-এর নিজস্ব অর্থায়নে পরীক্ষামূলকভাবে কৃষি যান্ত্রিকীকরণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়।

এর আওতায় কৃষি যান্ত্রিকীকরণের প্রয়োগ ও প্রসারে ফসল উৎপাদনের বিভিন্ন পর্যায় অর্থাৎ বীজ বপন, চারা রোপণ, সার প্রয়োগ, কীটনাশক প্রয়োগ, ফসল কাটা এবং উৎপাদন-পরবর্তী পর্যায়ে ফসল মাড়াই, শুকানো ইত্যাদি ক্ষেত্রে কৃষকবান্ধব যন্ত্র ব্যবহারের উদ্দেশ্যে ঋণ প্রদান করা হয়।


Photo Courtesy: CIMMYT

## কুয়েত গুডউইল ফান্ড

মুসলিম-প্রধান দেশসমূহের জনগণের খাদ্য নিরাপত্তা অর্জনে সহায়তা প্রদান ও মৌলিক খাদ্য চাহিদা নিশ্চিতের লক্ষ্যে কুয়েতের মহামান্য আমীর কর্তৃক 'কুয়েত গুডউইল ফান্ড (কেজিএফ)' গঠন করা হয়।

এ তহবিলের সহায়তায় পিকেএসএফ 'কুয়েত গুডউইল ফান্ড (কেজিএফ)' শীর্ষক বিশেষায়িত কর্মসূচি বাস্তবায়ন করছে। এর মাধ্যমে সহযোগী সংস্থার সংগঠিত সদস্যদেরকে ঋণ ও কারিগরি সহায়তা প্রদান করা হয়।

কর্মসূচিটির মূল উদ্দেশ্য হলো ক) ফসল রোপণ ও সংগ্রহকালের সাথে সামঞ্জস্য রেখে সদস্যদের চাহিদা অনুযায়ী ঋণ প্রদান এবং নমনীয় সার্ভিস চার্জ সহযোগে এককালীন ঋণ আদায়, খ) কৃষিজ কর্মকাণ্ড বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি, এবং গ) টেকসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণ।



কেজিএফ কর্মসূচির আওতায় বর্তমানে ৩৫ জেলার ৮৬ উপজেলায় ৫৮ সহযোগী সংস্থার মাধ্যমে ঋণ কার্যক্রম এবং সমন্বিত কৃষি ইউনিটভুক্ত ২৬টি কৃষি পরিবেশ অঞ্চলের ৩৪ জেলার ৯২ উপজেলায় ৩৮ সহযোগী সংস্থার মাধ্যমে প্রযুক্তি বিস্তার (technology transfer) কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২০১১-১২ অর্থবছরে ৮১.৯৯ কোটি টাকার অনুদান তহবিল নিয়ে যাত্রা শুরু করে ২০২৩-২৪ অর্থবছরে কেজিএফ কর্মসূচির তহবিল দাঁড়িয়েছে ১২৭.১৩ কোটি টাকায়।




## কর্মসূচির অগ্রগতি

- কেজিএফ কর্মসূচির শুরু থেকে এ পর্যন্ত ৬,৫৯,২৪২ সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা হয়েছে, যার মধ্যে ৮২% নারী। তাদের সঞ্চয় স্থিতির পরিমাণ ৪৭.৮৬ কোটি টাকা। জুন ২০২৪ পর্যন্ত এ কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ে ক্রমপুঞ্জিভুত ঋণ বিতরণের পরিমাণ ৩,৮৬৭.২৭ কোটি টাকা। ঋণস্থিতির পরিমাণ ২৭৭.৩৭ কোটি টাকা এবং আদায় হার শতভাগ।

- ২০২৩-২৪ অর্থবছরে কেজিএফ কর্মসূচির আওতায় পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে ২৩৪ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ২৩৪.৫০ কোটি টাকা বিতরণ করা হয়। এছাড়া, মাঠ পর্যায়ে কারিগরি কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ ৬.৫৮ কোটি টাকা।

- জুন ২০২৪ পর্যন্ত এ কর্মসূচির অর্থায়নে সর্বমোট ৪,৬৩৫টি প্রদর্শনী বাস্তবায়ন করা হয়। এর মধ্যে রয়েছে ফসলচাষ বিষয়ক ২,০২১টি, মৎস্যচাষ বিষয়ক ১,০৩৬টি এবং প্রাণিসম্পদ বিষয়ক ১,৫৭৮টি প্রদর্শনী।

ক্রেডিট এনহ্যান্সমেন্ট স্কিম প্রতিষ্ঠা এবং কারিগরি সহায়তার মাধ্যমে সহযোগী সংস্থা ও ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা উন্নয়নে এ প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে...

# MFCE প্রকল্প

ক্ষুদ্র উদ্যোগে আর্থিক ও প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদানের মাধ্যমে আরো বেশি সংখ্যক মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অর্থায়নে পিকেএসএফ 'Microenterprise Financing and Credit Enhancement (MFCE) Project' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। বিশ কোটি মার্কিন ডলার ঋণ এবং ১০ লক্ষ মার্কিন ডলার অনুদানভিত্তিক কারিগরি সহায়তা সংবলিত পাঁচ বছর মেয়াদি প্রকল্পটি মে ২০২৩ থেকে ১১৭টি সহযোগী সংস্থার মাধ্যমে দেশব্যাপী বাস্তবায়ন করা হচ্ছে।

## প্রকল্প পরিচিতি

### নাম
**Microenterprise Financing and Credit Enhancement (MFCE) Project**

### মেয়াদ
২০২৩ - ২০২৮

### অর্থায়নকারী
এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)

### তহবিল
২০ কোটি মার্কিন ডলার ঋণ

১০ লক্ষ মার্কিন ডলার সমমানের কারিগরি সহায়তা







প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ সহায়তা প্রদান ও সহযোগী সংস্থা কর্তৃক ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থায়নের পরিসর বৃদ্ধির লক্ষ্যে একটি ক্রেডিট এনহ্যান্সমেন্ট স্কিম প্রতিষ্ঠা এবং কারিগরি সহায়তার মাধ্যমে সহযোগী সংস্থা ও ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা উন্নয়নে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

## ঋণ সহায়তা কার্যক্রম

MFCE প্রকল্পের আওতায় উপযুক্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রাথমিকভাবে প্রায় ২,০০৯ কোটি টাকা ঋণ হিসেবে বিতরণ করা হবে। এ অর্থ মূলত বিভিন্ন ব্যবসাগুচ্ছে ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণের কাজে ব্যবহৃত হবে। প্রাথমিকভাবে প্রায় ১ লক্ষ উদ্যোক্তাকে ঋণ সহায়তা প্রদান করা হবে, যাদের মধ্যে প্রায় ৮০% হবেন নারী।

## ক্রেডিট এনহ্যান্সমেন্ট স্কিম

ক্ষুদ্র উদ্যোক্তাদের অর্থায়নের ক্ষেত্রে সহযোগী সংস্থাসমূহের তহবিল স্বল্পতা দূরীকরণে বাণিজ্যিক ব্যাংকে তাদের অভিগম্যতা বৃদ্ধির জন্য এ প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে প্রায় ২৩৪ কোটি টাকার তহবিল সমেত একটি ক্রেডিট এনহ্যান্সমেন্ট স্কিম চালুর কাজ চলছে। এর আওতায় বাণিজ্যিক ব্যাংক কর্তৃক সহযোগী সংস্থাসমূহকে ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রমের জন্য প্রদেয় ঋণের ক্ষেত্রে পিকেএসএফ গ্যারান্টি প্রদান করবে।

## কারিগরি সহায়তা কার্যক্রম

দশ লক্ষ মার্কিন ডলার সমমূল্যের কারিগরি সহায়তা কার্যক্রমের আওতায় সহযোগী সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়ন, নারী উদ্যোক্তাদের সক্ষমতা উন্নয়ন, পরিবেশগত সুরক্ষা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি ব্যবস্থাপনায় ক্ষুদ্র উদ্যোগসমূহের দক্ষতা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এছাড়া, কারিগরি সহায়তা কার্যক্রমের আওতায় পিকেএসএফ-এর অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন কার্যক্রমের দক্ষতা ও স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে একটি ডিজিটাল ট্রান্সফর্মেশন পরিকল্পনা প্রস্তুত করা হবে।

## বাস্তবায়ন অগ্রগতি

৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত প্রকল্পের আওতায় পিকেএসএফ হতে ১১৬টি সহযোগী সংস্থার অনুকূলে ১১৮৯.৯৫ কোটি টাকা ঋণ হিসেবে বিতরণ করা হয়। এ সময় পর্যন্ত সহযোগী সংস্থাগুলো ৮৮,২০২ জন ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ১,৬৭০.৭৯ কোটি টাকা ঋণ বিতরণ করে। অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে ঋণ প্রদানের ক্ষেত্রে দারিদ্র্যপ্রবণ এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকিপূর্ণ জেলাসমূহকে প্রাধান্য দেয়া হচ্ছে। পরিবেশের ওপর নেতিবাচক প্রভাব হ্রাসকরণের লক্ষ্যে ঋণ বিতরণের পূর্বে ক্ষুদ্র উদ্যোগসমূহের পরিবেশগত উপযুক্ততা যাচাই করা হচ্ছে।

এ প্রকল্পের আওতায় ১ লক্ষ ৮৩ হাজার তরুণ ও ছোটো উদ্যোক্তার সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন করা হচ্ছে...

# RAISE প্রকল্প

'ছোটো উদ্যোগে মানব সক্ষমতার বিকাশ'- এ প্রতিপাদ্যকে সামনে রেখে পিকেএসএফ ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে 'Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)' শীর্ষক প্রকল্পটি দেশের শহর ও শহরতলি এলাকায় ৭০টি সহযোগী সংস্থার মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। পাঁচ বছর মেয়াদি এ প্রকল্পের আওতায় ১ লক্ষ ৮৩ হাজার তরুণ ও ছোটো উদ্যোক্তার সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন করা হচ্ছে।

## প্রকল্প পরিচিতি

**নাম**
**Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)**

**মেয়াদ**
৫ বছর (২০২২-২০২৬)

**অর্থায়নকারী**
পিকেএসএফ ও বিশ্বব্যাংক

**তহবিল**
**২৫** কোটি মার্কিন ডলার
বিশ্বব্যাংক: ১৫ কোটি ডলার
পিকেএসএফ: ১০ কোটি ডলার







অংশগ্রহণকারীদের সক্ষমতা বৃদ্ধি: প্রকল্পভুক্ত ৩০,৭৮৫ জন তরুণ ছোটো উদ্যোক্তার ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে 'ব্যবসায় ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন' প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অন্যদিকে, কোভিড-১৯ মহামারিতে ক্ষতিগ্রস্ত ৪৯,৯৬৫ জন ছোটো উদ্যোক্তা 'ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা' শীর্ষক প্রশিক্ষণ নিয়েছেন।

শিক্ষানবিশি কার্যক্রমের আওতায় ৫,৬১৬ জন তরুণের কারিগরি প্রশিক্ষণ চলমান রয়েছে। ইতিমধ্যে ১১,৬০৬ জন শিক্ষানবিশ এ প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। ছয় মাসব্যাপী এ শিক্ষানবিশি কার্যক্রমে শিক্ষানবিশগণ অভিজ্ঞ ওস্তাদের তত্ত্বাবধানে হাতে-কলমে কাজ শেখার পাশাপাশি উদ্যোগ পরিচালনা সংক্রান্ত জ্ঞান অর্জনের সুযোগ পাচ্ছেন। এছাড়া, দক্ষ প্রশিক্ষকের আওতায় শিক্ষানবিশদের 'জীবন দক্ষতা উন্নয়ন' বিষয়ক ৫ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

যথাযথভাবে শিক্ষানবিশি কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে এ পর্যন্ত প্রকল্প বাস্তবায়নকারী সহযোগী সংস্থা কর্তৃক প্রায় ৪,৭৮৮ জন মাস্টার ক্র্যাফটসপার্সনকে দুই দিনব্যাপী ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে।

ঋণ বিতরণ: কোভিড-১৯ মহামারিতে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তা ও তরুণ উদ্যোক্তার মাঝে ঋণ বিতরণের লক্ষ্যে পিকেএসএফ হতে সহযোগী সংস্থার অনুকূলে ১,৩৭১.১২ কোটি টাকা বিতরণ করা হয়েছে। সংস্থাগুলো জুন ২০২৪ পর্যন্ত ৯৬,৬০০ জন ছোটো উদ্যোক্তার মাঝে ১,০৫৬.৭৩ কোটি টাকা বিতরণ করেছে।

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি: প্রকল্পের আওতায় তরুণ উদ্যোক্তাদের জন্য Business Management and Entrepreneurship Development (BMED) বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম মাঠ পর্যায়ে ফলপ্রসূভাবে বাস্তবায়ন এবং দীর্ঘমেয়াদি প্রভাব বিবেচনায় প্রকল্প বাস্তবায়নকারী সহযোগী সংস্থার কর্মকর্তাদের এ বিষয়ক Training of Trainers (TOT) কার্যক্রম সম্পন্ন হয়েছে। আঞ্চলিক পর্যায়ে আয়োজিত এ প্রশিক্ষণে ২ থেকে ২৮ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ৬৯টি সহযোগী সংস্থার প্রকল্প বাস্তবায়নকারী ইউনিটের ২৭৬ জন কর্মকর্তা এবং সংস্থার প্রশিক্ষণ পুলের ১৭৮ জন প্রশিক্ষক অংশগ্রহণ করেন।

বিশ্বব্যাংকের Mid-term Review মিশন: ১৮ মার্চ হতে ০৪ এপ্রিল ২০২৪ পর্যন্ত বিশ্বব্যাংক কর্তৃক পরিচালিত Mid-term Review (MTR) মিশন-এ পিকেএসএফ কর্তৃক বাস্তবায়নাধীন RAISE প্রকল্পের সার্বিক অগ্রগতি 'সন্তোষজনক' বলে অভিহিত করা হয়।

পরিবেশ ও সামাজিক মানদণ্ড বিষয়ক বিশেষ মিশন: বিশ্বব্যাংকের 'এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল স্ট্যান্ডার্ড ১০ অ্যান্ড সিটিজেন এনগেজমেন্ট মিশন'-এর আওতায় একটি প্রতিনিধি দল ২০ ও ২১ মে ২০২৪ তারিখে রংপুর ও দিনাজপুর জেলায় বাস্তবায়নাধীন RAISE প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে।

এছাড়া, ১৯-২১ মে ২০২৪ তারিখে বিশ্বব্যাংক-এর আবাসিক প্রতিনিধি দল ঠাকুরগাঁও, দিনাজপুর ও রংপুর জেলাধীন ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, মহিলা বহুমুখী শিক্ষা কেন্দ্র, গ্রাম বিকাশ কেন্দ্র এবং আরডিআরএস বাংলাদেশ-এর মাধ্যমে মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন RAISE প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করে।

ক্ষুদ্র উদ্যোগের জন্য আর্থিক পরিষেবা সম্প্রসারণ এবং উচ্চ-মূল্যমানের ভ্যালু চেইন উন্নয়নে নিবেদিত এ প্রকল্প...

# RMTP প্রকল্প

ক্ষুদ্র উদ্যোগের জন্য আর্থিক পরিষেবা সম্প্রসারণের পাশাপাশি নির্বাচিত উচ্চ মূল্যমানের কৃষিপণ্যের ভ্যালু চেইনের সাথে সম্পৃক্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, উদ্যোক্তা, এবং অন্যান্য মার্কেট অ্যাক্টরের আয় বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা ও পুষ্টি পরিস্থিতির উন্নয়নে **'Rural Microenterprise Transformation Project (RMTP)'** শীর্ষক প্রকল্প দেশব্যাপী বাস্তবায়ন করছে পিকেএসএফ। এ প্রকল্পের মাধ্যমে তুলনামূলক উৎপাদন সুবিধা, বাজার চাহিদা ও প্রবৃদ্ধি নির্ভর সম্ভাবনা রয়েছে এমন কৃষি পণ্যের উৎপাদন ও বাজার সম্প্রসারণে ভ্যালু-চেইন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

## প্রকল্প পরিচিতি

### নাম
Rural Microenterprise Transformation Project (RMTP)

### মেয়াদ
৬ বছর (২০২০-২০২৫)

### অর্থায়নকারী
ইফাদ, ডানিডা, পিকেএসএফ, সহযোগী সংস্থা ও অন্যান্য

### তহবিল
**২০ কোটি** মার্কিন ডলার

ইফাদ: ৮.১০ কোটি ডলার

ডানিডা: ০.৮৩ কোটি ডলার

পিকেএসএফ ও অন্যান্য: ১১.০৭ কোটি ডলার







## প্রকল্পের অনন্য বৈশিষ্ট্য

- উত্তম কৃষি চর্চার অনুশীলন
- পণ্যের প্রক্রিয়াজাতকরণ
- পণ্যের বাজারজাতকরণ
- ই-কমার্স ও এফ-কমার্স
- ব্র্যান্ডিং ও সনদায়ন
- খাদ্য নিরাপত্তা ও পুষ্টি
- যুব ও নারীদের অন্তর্ভুক্তি
- নতুন ক্ষুদ্র উদ্যোক্তা তৈরি
- আর্থিক অন্তর্ভুক্তিকরণ
- প্রযুক্তির উত্তম ব্যবহার
- খামার যান্ত্রিকীকরণ
- খামার আধুনিকায়ন

৪৭টি জেলায় ৫৩টি সহযোগী সংস্থার মাধ্যমে ৭৬টি ভ্যালু-চেইন উপ-প্রকল্প চলমান। এসবের মাধ্যমে ৬,১১,৪৯১ জন খামারি, উদ্যোক্তা এবং উপখাতের সাথে সংশ্লিষ্ট মার্কেট অ্যাক্টর যুক্ত হয়েছেন।

এ প্রকল্পের কম্পোনেন্ট তিনটি: ১. ভ্যালু-চেইন উন্নয়ন কার্যক্রম, ২. আর্থিক পরিষেবা, এবং ৩. প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ ও প্রকল্প ব্যবস্থাপনা।

ভ্যালু চেইন উন্নয়ন কার্যক্রম: সহযোগী সংস্থার মাধ্যমে প্রাণিসম্পদ, কৃষি ও মৎস্য খাতে ভ্যালু-চেইন উন্নয়নের মাধ্যমে দেশব্যাপী খামারি, উদ্যোক্তা এবং মার্কেট অ্যাক্টরদের নিয়ে বিভিন্ন উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়। এ কম্পোনেন্টের আওতায় পণ্যের প্রক্রিয়াজাতকরণ, মানোন্নয়ন, ব্র্যান্ডিং, সনদায়ন ও বাজারজাতকরণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি উদ্যোক্তাদের আয় বৃদ্ধি ও পারিবারিক পুষ্টি চাহিদা নিরূপণ করা হচ্ছে।

প্রাণিসম্পদ খাতে ১৭টি ভ্যালু-চেইন উপ-প্রকল্পের আওতায় উপকারভোগীদের উন্নত প্রযুক্তি ব্যবস্থাপনা, খামার যান্ত্রিকীকরণ ও আধুনিকায়ন, GGAP/HACCP বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপ-প্রকল্পগুলোর মাধ্যমে ৩৬,২৪৭ জন প্রশিক্ষিত লোকাল সার্ভিস প্রোভাইডার তৈরি করা হয়েছে। প্রাণিসম্পদের রোগ প্রতিরোধ ও সঠিকভাবে ভ্যাকসিনেশন হাব ব্যবস্থাপনার অনুদান প্রদান করা হয়েছে।

হর্টিকালচার খাতের উন্নয়নে ৩৬টি ভ্যালু-চেইন উপ-প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এ সকল উপ-প্রকল্পের আওতায় প্রদর্শনী প্লট স্থাপন, কৃষকদের জৈববালাইনাশক ও জৈবপ্রযুক্তির ব্যবহারের মাধ্যমে নিরাপদ উপায়ে উচ্চ মূল্যের সবজি, শস্য ও ফল উৎপাদনে উৎসাহিত করা হচ্ছে।

মৎস্য উৎপাদন ও প্রক্রিয়াজাত, এবং মৎস্য পণ্যের বাজারজাতকরণের মাধ্যমে মৎস্য চাষি, ক্ষুদ্র উদ্যোক্তা, ও অন্যান্য ভ্যালু-চেইন অ্যাক্টরদের উৎপাদনশীলতা ও আয় বৃদ্ধির লক্ষ্যে "নিরাপদ মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ" শীর্ষক ২৩টি উপ-প্রকল্পের কাজ চলমান রয়েছে।

আর্থিক পরিষেবা: জুন ২০২৪ পর্যন্ত ১,২৪,০৪৫ জন ক্ষুদ্র উদ্যোক্তাকে এ প্রকল্পের মাধ্যমে অগ্রসর ঋণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়। এছাড়া, ৬৭৩ জন উদ্যোক্তাকে বিশেষায়িত অগ্রসর ঋণ পরিষেবা প্রদান করা হয়।

প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ এবং প্রকল্প ব্যবস্থাপনা: এ খাতের আওতায় Crowdfunding Web Application নির্মাণের কাজ চলমান রয়েছে। এছাড়া, Distributed Digital Ledger Technology ব্যবহার করে ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের ট্রেসিবিলিটির জন্য একটি ডিস্ট্রিবিউটেড লেজার প্ল্যাটফর্ম প্রস্তুতের কাজ চলছে।

ব্যবসাগুচ্ছভিত্তিক ক্ষুদ্র উদ্যোগসমূহের পরিবেশগত টেকসহিতা অর্জনের সক্ষমতা বাড়ানোই এ প্রকল্পের লক্ষ্য...

# SEP প্রকল্প

বাংলাদেশের ব্যবসাগুচ্ছভিত্তিক ক্ষুদ্র উদ্যোগসমূহের পরিবেশগত টেকসহিতা অর্জনের সক্ষমতা বৃদ্ধিকল্পে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের সহায়তায় পিকেএসএফ 'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করে।

পাঁচ বছর সাত মাস মেয়াদি এ প্রকল্পের মোট বাজেট ১৩ কোটি মার্কিন ডলার, যার মধ্যে বিশ্বব্যাংক ১১ কোটি মার্কিন ডলার এবং পিকেএসএফ ২ কোটি মার্কিন ডলার অর্থায়ন করে। ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে প্রকল্পটির কার্যক্রম সমাপ্ত হয়।

## প্রকল্প পরিচিতি

**নাম**
Sustainable Enterprise Project (SEP)

**মেয়াদ**
আগস্ট ২০১৮ - ফেব্রুয়ারি ২০২৪

**অর্থায়নকারী**
বিশ্বব্যাংক ও পিকেএসএফ

**তহবিল**
১৩ কোটি মার্কিন ডলার
বিশ্বব্যাংক: ১১ কোটি মার্কিন ডলার
পিকেএসএফ: ২ কোটি মার্কিন ডলার







এসইপি-এর আওতায় ৪৭টি সহযোগী সংস্থার মাধ্যমে ৩০টি উপখাতের ৬৪টি উপ-প্রকল্প মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা হয়। উপ-প্রকল্পগুলোর অনুকূলে মোট ৭৬১ কোটি টাকা অগ্রসর-এসইপি ঋণ হিসেবে, এবং উদ্যোক্তাদের পরিবেশগত উন্নয়ন ও কারিগরি সক্ষমতা বৃদ্ধির জন্য সাধারণ সেবা ঋণ হিসেবে প্রায় ৯৬.৬৯ কোটি টাকা বিতরণ করা হয়।

## অর্জন

- ৬৫,১২৪টি ক্ষুদ্র উদ্যোগে আর্থিক সহায়তা; এদের মধ্যে ৮৪% উদ্যোগের মালিকানা নারীদের।
- ৫৯,৫০৬ জন উদ্যোক্তাকে দক্ষতা উন্নয়ন, ক্ষুদ্র-উদ্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ ব্যবস্থাপনা, ডিজিটাল মার্কেটিং-সহ বিভিন্ন প্রয়োজনীয় বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- ৪৮,৮৪৫টি ক্ষুদ্র উদ্যোগ এক বা একাধিক পরিবেশগতভাবে টেকসই চর্চা রপ্ত করে; এদের ৯৫% উদ্যোগ চর্চাগুলো অব্যাহত রাখবে বলে প্রতিশ্রুতি প্রদান করে।
- ২৫টি ব্যবসাগুচ্ছে ক্ষুদ্র উদ্যোগের জন্য সাধারণ সেবা কেন্দ্র স্থাপন।
- প্রকল্প এলাকায় প্রতিবছর প্রায় ১৫ টন ফাউন্ড্রি স্ল্যাগ, ১১ টন পিইউ লেদার, ৫৫ টন ছাই, ১৮ টন প্লাস্টিক, ৪২৪ টন ঝুট কাপড় রিসাইকেল করা হয়। এছাড়া, প্রতি বছর প্রায় ২,০০০ টন গোবর্জ্য থেকে জৈব সার ও বায়োগ্যাস উৎপাদন করা হয়।
- প্রকল্পের সহায়তায় ১১,৭৯৩ জন উদ্যোক্তা ট্রেড লাইসেন্স, ১১১ জন উদ্যোক্তা পরিবেশগত ছাড়পত্র, ৫৬ জন উদ্যোক্তা বিএসটিআই সনদ, ৫২৮ জন প্রাণিসম্পদ বিভাগের ছাড়পত্র, এবং ১৯৪ জন উদ্যোক্তা মৎস্য অধিদপ্তরের ছাড়পত্র পান।
- ১৫২ জন উদ্যোক্তাকে ব্র্যান্ড ইমেজ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সেবা প্রদান করা হয়।

## সুপণ্য সমাহার: পরিবেশবান্ধব ক্ষুদ্র উদ্যোগ মেলা

এসইপি'র আওতায় ৮-১০ ফেব্রুয়ারি ২০২৪ ঢাকার আগারগাঁওয়ে বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত হয় 'সুপণ্য সমাহার: পরিবেশবান্ধব ক্ষুদ্র উদ্যোগ মেলা ২০২৪'। মেলায় পিকেএসএফ-এর ৪৭টি সহযোগী সংস্থা এবং ব্র্যান্ড সহায়তাপ্রাপ্ত ৭৭ জন ক্ষুদ্র উদ্যোক্তা বিভিন্ন পণ্য প্রদর্শন করেন। এ সময় ক্ষুদ্র উদ্যোক্তাদের অংশগ্রহণে 'ক্ষুদ্র উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত পণ্যের ব্র্যান্ডিং: বর্তমান প্রেক্ষিত ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা ও সেমিনার অনুষ্ঠিত হয়। এছাড়া, ১০ ফেব্রুয়ারি ২০২৪ 'ক্ষুদ্র উদ্যোগে পরিবেশগতভাবে টেকসই চর্চা রপ্তকরণ এবং যুব সমাজের সম্পৃক্ততা' বিষয়ক সেমিনার আয়োজিত হয়। মেলায় প্রতিদিনই মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।

সমাপনী অনুষ্ঠানে ক্ষুদ্র উদ্যোক্তাদের চারটি ক্যাটাগরিতে পুরস্কার দেয়া হয়: শ্রেষ্ঠ পরিবেশবান্ধব উদ্যোক্তা ঠাকুরগাঁওয়ের কংক্রিট ব্লক উৎপাদনকারী রবিউল ইসলাম, শ্রেষ্ঠ নারীবান্ধব উদ্যোক্তা রংপুরের হস্তশিল্প পণ্য উৎপাদনকারী জুয়েনা ফেরদৌস মিতুল, শ্রেষ্ঠ কর্মীবান্ধব উদ্যোক্তা নারায়ণগঞ্জের জামদানি উৎপাদনকারী মোঃ রুবেল মিয়া, এবং শ্রেষ্ঠ নারী উদ্যোক্তা যশোরের ফুল চাষি সাজেদা খাতুন।

এ প্রকল্পের লক্ষ্য হলো ক্ষুদ্র উদ্যোগে সম্পদ-সাশ্রয়ী ও ঘাত-সহিষ্ণু সবুজ প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ...

# SMART প্রকল্প

ক্ষুদ্র উদ্যোগ খাতকে প্রযুক্তিনির্ভর, পরিবেশসম্মত এবং 'সম্পদের কার্যকরী ব্যবহারের মাধ্যমে পরিচ্ছন্ন উৎপাদন' (Resource-Efficient and Cleaner Production - RECP) করার পাশাপাশি এসব উদ্যোগে সবুজ প্রবৃদ্ধি সঞ্চারণের লক্ষ্যে 'Sustainable Microenterprise and Resilient Transformation (SMART)' শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করছে পিকেএসএফ। ২৭ আগস্ট ২০২৩ তারিখে প্রকল্পটি বিশ্বব্যাংক কর্তৃক কার্যকর (effective) ঘোষণা করা হয়।

## প্রকল্প পরিচিতি

**নাম**
**Sustainable Microenterprise and Resilient Transformation (SMART)**

**মেয়াদ**
২০২৩ - ২০২৮

**অর্থায়নকারী**
বিশ্বব্যাংক ও পিকেএসএফ

**তহবিল**
**৩০ কোটি** মার্কিন ডলার
বিশ্বব্যাংক: ২৫ কোটি মার্কিন ডলার
পিকেএসএফ: ৫ কোটি মার্কিন ডলার







পাঁচ বছর মেয়াদি এ প্রকল্পের সর্বমোট বাজেট ৩০ কোটি মার্কিন ডলার, যার মধ্যে বিশ্বব্যাংক ও পিকেএসএফ যথাক্রমে ২৫ কোটি মার্কিন ডলার (কারিগরি সহায়তা ৪.৭ কোটি মার্কিন ডলার এবং অগ্রসর ঋণ ২০.৩ কোটি মার্কিন ডলার) ও ৫ কোটি মার্কিন ডলার অর্থায়ন করবে।

SMART একটি ক্ষুদ্র-উদ্যোগকেন্দ্রিক ও উন্নত প্রযুক্তিনির্ভর প্রকল্প যা ক্ষুদ্র-উদ্যোগের পরিবেশগত টেকসহিতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, উৎপাদনশীলতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন এবং স্থানীয় অর্থনীতি সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। প্রকল্পের আওতায় উৎপাদন, কৃষি ও সেবা খাতভুক্ত ব্যবসাগুচ্ছের অন্তর্গত প্রায় ৮০,০০০ ক্ষুদ্র উদ্যোগে আর্থিক, কারিগরি ও অন্যান্য সহায়তা প্রদান করা হবে।

এ প্রকল্পের কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে সহযোগী সংস্থাসমূহের নিকট হতে Sub-Project Concept Note (SPCN) আহ্বান করা হয়। প্রাথমিকভাবে ১০০টি সহযোগী সংস্থা হতে ২৫৬টি SPCN দাখিল করা হয়। দাখিলকৃত SPCN-সমূহ মূল্যায়ন শেষে ৫১টি সংস্থার ৭৪টি SPCN প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। ইতিমধ্যে, ২৯টি উপ-প্রকল্পের আওতায় মোট ১৩০৬.৫৯ কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে।

SMART প্রকল্পের আওতায় ২১টি উপখাতের অন্তর্গত ক্ষুদ্র উদ্যোগসমূহের জন্য উপযুক্ত RECP প্রযুক্তি যাচাই করার লক্ষ্যে একটি Rapid Assessment পরিচালনা করা হয়। মাঠ পর্যায়ে অবস্থিত ক্ষুদ্র উদ্যোগ পরিদর্শন এবং সংশ্লিষ্ট সহযোগী সংস্থাসমূহের কর্মকর্তাবৃন্দের সঙ্গে আলোচনার ভিত্তিতে বায়ুর মান, জ্বালানি, পানি ও বর্জ্য ব্যবস্থাপনায় চার সদস্যের একটি বিশেষজ্ঞ দল ক্ষুদ্র উদ্যোগের জন্য উপযুক্ত RECP প্রযুক্তি নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করে।

SMART প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন করার লক্ষ্যে বিশ্বব্যাংক এ পর্যন্ত দু'টি Implementation Support Mission সম্পন্ন করেছে। তারা প্রকল্পের অগ্রগতিতে সন্তোষজনক মতামত প্রকাশ করে। এছাড়া, ১৪ নভেম্বর ২০২৩ তারিখে পিকেএসএফ ভবনে বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর কর্মকর্তাবৃন্দের সঙ্গে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। এতে বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া বিষয়ক প্র্যাক্টিস ম্যানেজার ক্রিস্টোফ ক্রেপিন ও গাবি জি আফ্রাম-সহ বিশ্বব্যাংক ও পিকেএসএফ-এর বিভিন্ন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

# অতিদারিদ্র্য নিরসনে বিশেষায়িত প্রকল্প



*অতিদরিদ্র জনগোষ্ঠীর টেকসই উন্নয়নে পিকেএসএফ পিপিইপিপি-ইইউ প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটির আওতায় দেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ ১২ জেলায় পিকেএসএফ ২.১৫ লক্ষ অতিদরিদ্র পরিবারকে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সেবা প্রদান করছে।*





এ প্রকল্পের মাধ্যমে ২,১৫,০০০ অতিদরিদ্র পরিবারের টেকসই উন্নয়নে আর্থিক ও কারিগরি সেবা প্রদান করা হচ্ছে...

# PPEPP-EU প্রকল্প

পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল-ইউরোপিয়ান ইউনিয়ন (পিপিইপিপি-ইইউ) একটি দ্বিতীয় প্রজন্মের দারিদ্র্য বিমোচন প্রকল্প। ইউরোপীয় ইউনিয়ন অর্থায়িত এ প্রকল্পের মাধ্যমে ২,১৫,০০০ অতিদরিদ্র পরিবারের টেকসই উন্নয়নে আর্থিক ও কারিগরি সেবা প্রদান করা হচ্ছে। পিকেএসএফ ১৯টি সহযোগী সংস্থার মাধ্যমে জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের নদী তীরবর্তী অঞ্চল, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উপকূলীয় এলাকা, উত্তর-পূর্বাঞ্চলের হাওরাঞ্চল এবং কিছু নির্বাচিত ক্ষুদ্র নৃগোষ্ঠীভুক্ত এলাকাসহ ১২টি জেলার ৩৪টি উপজেলার ১৪৫টি ইউনিয়নে প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পটি ২০২৫ সালের সেপ্টেম্বরে শেষ হবে।

## প্রকল্প পরিচিতি

**নাম**
Pathways to Prosperity for Extremely Poor People-European Union (PPEPP-EU)

**মেয়াদ**
২০২৩ - ২০২৫

**অর্থায়নকারী**
European Union (EU)

**তহবিল**
২.২৮ কোটি ইউরো

**উপকারভোগী**
২,১৫,০০০ পরিবার







প্রকল্পটির কম্পোনেন্ট তিনটি - সহনশীল জীবিকায়ন, পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা, এবং অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন। এছাড়া, বিশেষ দৃষ্টি দেওয়া হচ্ছে কমিউনিটি মোবিলাইজেশন, নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা প্রতিষ্ঠা, প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিকরণ এবং দুর্যোগ ও জলবায়ু সহনশীলতা সৃষ্টিতে।

২০২৩ সালে পরিচালিত ৩য় বার্ষিক রেজাল্টস-বেইজড মনিটরিং (আরবিএম)-এর ফলাফল অনুসারে, প্রকল্পভুক্ত ৭২ শতাংশ অতিদরিদ্র পরিবার আন্তর্জাতিক দারিদ্র্যসীমা অতিক্রম করেছে (মাথাপিছু দৈনিক আয় ২.১৫ মার্কিন ডলার হিসাবে)। পাঁচ বছরের কম বয়সী শিশুদের মধ্যে স্টান্টিং হার ৪৮% থেকে ৪০%-এ এবং ওয়েস্টিং হার ১৭% থেকে ৪%-এ নেমে এসেছে।

সহনশীল জীবিকায়ন: পিপিইপিপি-ইইউ প্রকল্পের মাধ্যমে জীবিকা রক্ষায় বিভিন্ন অভিঘাতের বিরুদ্ধে পরিবারগুলোর অভিযোজন সক্ষমতাও বৃদ্ধি করা হয়। জুন ২০২৪ পর্যন্ত প্রকল্পের আওতায় ১,৫৭,৮৫৫টি কৃষিজ ও অকৃষিজ আয়বর্ধক কর্মকাণ্ড বাস্তবায়নে সহায়তা দেয়া হয়েছে।

পুষ্টি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা: অতিদরিদ্র খানার জন্য প্রয়োজনীয় পুষ্টি সেবার প্যাকেজটি তিনভাবে নিশ্চিত করা হচ্ছে: ১) ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস)-এর আওতায় প্রদত্ত সেবাসমূহে অভিগম্যতা বৃদ্ধিতে সহায়তা প্রদান অথবা এনএনএস-এর সক্ষমতায় ঘাটতি রয়েছে এমন এলাকায় সরাসরি সেবা প্রদান, ২) উত্তম পুষ্টি চর্চাকে বাধাগ্রস্ত করে এমন সামাজিক আচরণ পরিবর্তনে সচেতনতা বৃদ্ধি; এবং ৩) প্রযোজ্য ক্ষেত্রে পুষ্টিকর খাদ্য উৎপাদন নির্ভর আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের প্রসার।

অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন: অতিদরিদ্র সদস্যদের 'প্রসপারিটি গ্রাম কমিটি (পিভিসি)'-এর মাধ্যমে সংগঠিত করে পিপিইপিপি-ইইউ প্রকল্প অনুদান ও ঋণ-সহ উপযুক্ত আর্থিক সেবা প্রদান করছে। জুন ২০২৪ পর্যন্ত প্রকল্পের আওতায় ১,৪২০.৩ কোটি টাকা ঋণ এবং ১,১২.৫ কোটি টাকা অনুদান দেয়া হয়।

দুর্যোগ ও জলবায়ু সহনশীলতা: জলবায়ু পরিবর্তন ও বিভিন্ন দুর্যোগ সম্পর্কে সদস্যদের সচেতনতা বৃদ্ধি, অভিঘাতের সাথে মানিয়ে নেয়ার সক্ষমতা সৃষ্টি এবং ঝুঁকিপূর্ণ পরিবারগুলোকে সরকারের বিদ্যমান সহায়তার সাথে যুক্ত করতে কাজ করে এ প্রকল্প।

নারীর ক্ষমতায়ন: পিপিইপিপি-ইইউ প্রকল্প পরিবার ও কমিউনিটি পর্যায়ে জেন্ডার সম্পর্কোন্নয়ন এবং প্রকল্পের জীবিকায়ন কার্যক্রমে নারীদের যুক্ত করার মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছে।

প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিকরণ: প্রতিবন্ধী ব্যক্তিদের মূলধারার অর্থনৈতিক উন্নয়নের সাথে সংযুক্তকরণে এবং প্রয়োজনীয় বিশেষ চাহিদা পূরণে পিপিইপিপি-ইইউ প্রকল্প টুইন-ট্র্যাক এপ্রোচ গ্রহণ করেছে। এছাড়া, প্রকল্পের আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের মৌলিক চাহিদা পূরণে নির্দিষ্ট সামাজিক সুরক্ষা সেবায় অভিগম্যতা বৃদ্ধির জন্যও কাজ করছে।

কমিউনিটি মোবিলাইজেশন: কমিউনিটি পর্যায়ে অতিদরিদ্র মানুষের গ্রহণযোগ্যতা বৃদ্ধি এবং নারী, কন্যা শিশু, প্রতিবন্ধী ও অন্যান্য মানুষকে বঞ্চিত করে এমন সামাজিক দৃষ্টিভঙ্গি পরিবর্তনে প্রকল্পটি কাজ করছে। পাশাপাশি, তৃণমূল পর্যায়ে সরকারি ও বেসরকারি সেবাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবায় অভিগম্যতা বৃদ্ধি করা হচ্ছে।

# WASH কার্যক্রম

*পিকেএসএফ নিরাপদ ব্যবস্থাপনায় পানি সরবরাহ ব্যবস্থা এবং টয়লেট নির্মাণের জন্য মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় দেশের ৮টি বিভাগের ৩০টি জেলার ১৮২টি উপজেলায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। জুন ২০২৪ পর্যন্ত পানি সরবরাহ ব্যবস্থা স্থাপনে ২০৮.১৯ কোটি টাকা এবং টয়লেট স্থাপনে ৭৫৯.২৮ কোটি টাকা মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে।*





দেশের নাগরিকদের জন্য নিরাপদ ব্যবস্থাপনায় পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি এবং এ সম্পর্কিত চ্যালেঞ্জগুলো মোকাবিলায় বাস্তবায়িত হচ্ছে এ প্রকল্প...

# মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প

পিকেএসএফ ও জনস্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে 'মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প' বাস্তবায়িত হচ্ছে। দেশের নাগরিকদের জন্য নিরাপদ ব্যবস্থাপনায় পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি এবং এ সম্পর্কিত চ্যালেঞ্জগুলো মোকাবিলার মাধ্যমে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট-৬-এর লক্ষ্য অর্জনে অগ্রণী ভূমিকা পালন করছে এ প্রকল্প।

## প্রকল্প পরিচিতি

**নাম**
মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প

**মেয়াদ**
৫ বছর (২০২১-২০২৫)

**অর্থায়নকারী**
বিশ্বব্যাংক, এআইআইবি, বাংলাদেশ সরকার

**তহবিল**
৩২.৮৯ কোটি মার্কিন ডলার







বিশ্বব্যাংক এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি)-এর যৌথ অর্থায়নে বাস্তবায়নাধীন এ প্রকল্পের আওতায় পিকেএসএফ নিরাপদ ব্যবস্থাপনায় পানি সরবরাহ ব্যবস্থা এবং টয়লেট নির্মাণের জন্য ৮৭টি সহযোগী সংস্থার মাধ্যমে দেশের ৮টি বিভাগের ৩০টি জেলার ১৮২টি উপজেলায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে।

## লক্ষ্য ও অর্জন

স্বল্প সেবা মূল্যের ক্ষুদ্রঋণের মাধ্যমে পরিবারভিত্তিক নিরাপদ ব্যবস্থাপনায় পানি সরবরাহ ব্যবস্থা ও দুই গর্তবিশিষ্ট টয়লেট স্থাপন এ প্রকল্পের প্রধান দু'টি সেবা খাত। জুন ২০২৪ পর্যন্ত পানি সরবরাহ ব্যবস্থা স্থাপনে ২০৮.১৯ কোটি টাকা এবং টয়লেট স্থাপনে ৭৫৯.২৮ কোটি টাকা মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে।

| ঋণের খাত | লক্ষ্যমাত্রা (প্রকল্প মেয়াদে) | অর্জন (জুন ২০২৪ পর্যন্ত) |
|---|---|---|
| পরিবারভিত্তিক পানি সরবরাহ ঋণ | ১,২০,০০০ পরিবার | ৬৪,১০৮ পরিবার |
| স্থানীয় উদ্যোক্তা ঋণ (পানি) | ৫০০ উদ্যোক্তা | ৫৪ উদ্যোক্তা |
| পরিবারভিত্তিক স্যানিটেশন ঋণ | ৫,০০,০০০ পরিবার | ২,৫২,৯৪৮ পরিবার |
| স্থানীয় উদ্যোক্তা ঋণ (স্যানিটেশন) | ৪,০০০ উদ্যোক্তা | ১,৯২৪ উদ্যোক্তা |
| স্থানীয় উদ্যোক্তা ঋণ (স্যানিটারি ন্যাপকিন) | ১৫০ উদ্যোক্তা | ২২ উদ্যোক্তা |

## প্রশিক্ষণ

প্রকল্পের আওতায় প্রায় ১৫,০০০ মাঠ কর্মকর্তা ও স্থানীয় উদ্যোক্তাদের প্রশিক্ষণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং জুন ২০২৪ পর্যন্ত সর্বমোট ১৪,২৫৭ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

## BCC কার্যক্রম

নিরাপদ ব্যবস্থাপনায় দুই গর্তের টয়লেটের কারিগরি বিষয় এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য প্রকল্পের আওতায় গ্রামীণ জনসাধারণের জন্য আচরণ পরিবর্তন যোগাযোগ সংক্রান্ত (Behavioural change communication - BCC) কার্যক্রম পরিচালনা করা হয়। এর মাধ্যমে নিরাপদ ব্যবস্থাপনায় পানি সরবরাহ, নিরাপদ ব্যবস্থাপনায় স্যানিটেশন, হাত ধোয়া, শিশুর ওয়াশ আচরণ এবং মাসিক স্বাস্থ্য ব্যবস্থাপনার বিষয়ে গ্রামীণ জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম চলছে। বিগত অর্থবছরে মোট ১৪,৫৪১টি বিসিসি সেশন পরিচালিত হয়েছে। এসব সেশনে সমিতির মোট ৩,৩৩,৩৯১ জন সদস্য ও তাদের পরিবারের সদস্য অংশগ্রহণ করেন।

## অভিযোগ নিষ্পত্তি

কার্যক্রম বাস্তবায়নকালে, বিশেষ করে পানি সরবরাহ ব্যবস্থা ও টয়লেট নির্মাণকালে টয়লেট গ্রহীতা বা তাদের নিকটতম প্রতিবেশীর মাধ্যমে যদি কোনো অভিযোগ উপস্থাপিত হয়, তাহলে অভিযোগ নিষ্পত্তি কমিটি তা যথাযথ প্রক্রিয়ায় সমাধান করে। বিগত অর্থবছরে প্রকল্পের আওতায় প্রাপ্ত মোট ১৩টি অভিযোগের সবগুলোই সুষ্ঠুভাবে নিষ্পত্তি করা হয়।

# সামগ্রিক উন্নয়ন কর্মসূচি

*দরিদ্র জনগোষ্ঠীর সামগ্রিক উন্নয়ন নিশ্চিতের লক্ষ্যে পিকেএসএফ সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিভিন্ন আর্থিক ও অ-আর্থিক সেবা প্রদান করছে। সমৃদ্ধি কর্মসূচির আওতায় ১১০টি সহযোগী সংস্থার মাধ্যমে ১৩.৭১ লক্ষ পরিবারের প্রায় ৬৪.০৪ লক্ষ সদস্যকে স্বাস্থ্য ও শিক্ষাসহ ২০ ধরনেরও বেশি সেবা-পরিষেবা প্রদান করা হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে স্ট্যাটিক ক্লিনিক, স্যাটেলাইট ক্লিনিক ও স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে মোট ১০.৯৯ লক্ষ মানুষ স্বাস্থ্য ও চিকিৎসা সেবা গ্রহণ করেন।*



দারিদ্র্যের বহুমাত্রিকতা চিহ্নিত করে প্রয়োজনীয় আর্থিক ও অ-আর্থিক সেবা প্রদানের মাধ্যমে সর্বজনীন মানবাধিকার ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিতে কাজ করছে এ কর্মসূচি...

# সমৃদ্ধি কর্মসূচি

'দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)' পিকেএসএফ-এর একটি সমন্বিত উন্নয়ন কর্মসূচি। এর মূলমন্ত্র হলো দারিদ্র্যের বহুমাত্রিকতাকে চিহ্নিত করে দরিদ্র জনগোষ্ঠীকে বিভিন্ন আর্থিক ও অ-আর্থিক সেবা প্রদানের মাধ্যমে তাদের জন্য এমন একটি পরিবেশ সৃষ্টি করা যা তাদের সর্বজনীন মানবাধিকারসমূহ উপভোগপূর্বক একটি মর্যাদাপূর্ণ জীবন যাপনে সক্ষম করে তুলবে।

বর্তমানে দেশের ৬১টি জেলার ১৬১টি উপজেলার ১৯৭টি ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এর আওতায় ১১০টি সহযোগী সংস্থার মাধ্যমে ১৩.৭১ লক্ষ পরিবারের প্রায় ৬৪.০৪ লক্ষ সদস্যকে ২০ ধরনেরও বেশি সেবা-পরিষেবা প্রদান করা হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে স্বাস্থ্যসেবা ও পুষ্টি, শিক্ষা সহায়তা, উন্নয়নে যুব সমাজ, বিশেষ সঞ্চয় এবং সমৃদ্ধ বাড়ি। জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্ট বা এসডিজি-তে বিধৃত মানবকেন্দ্রিক উন্নয়নের মূল ধারণা এ কর্মসূচিতে প্রতিফলিত হয়েছে।

২০২৩-২০২৪ অর্থবছরে স্ট্যাটিক ক্লিনিক, স্যাটেলাইট ক্লিনিক ও স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে মোট ১০.৯৯ লক্ষ মানুষকে বিভিন্ন প্রয়োজনীয় স্বাস্থ্য ও চিকিৎসা সেবা প্রদান করা হয়। এ সময় ১৮২টি বিশেষ চক্ষু ক্যাম্পে ৯,৭৬৮ জনের বিনামূল্যে ছানি অপারেশন করা হয়। এছাড়া, ৩,৯৭২টি শিক্ষাকেন্দ্রে প্রায় ১.১৯ লক্ষ শিক্ষার্থীকে পাঠদানে সহায়তা করা হচ্ছে। এ কর্মসূচির আওতায় দেশব্যাপী প্রায় ২.৫ লক্ষ যুবকে সংগঠিত করা হয়েছে। এ কর্মসূচির আওতায়, বিভিন্ন জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।







প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি: সমৃদ্ধি কর্মসূচির অংশ হিসেবে প্রবীণ জনগোষ্ঠীর জন্য মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিতের লক্ষ্যে পিকেএসএফ-এর 'প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি' বর্তমানে ১০১টি সহযোগী সংস্থার মাধ্যমে ২১২টি ইউনিয়নে চলমান রয়েছে। এ কর্মসূচির আওতায় দেশব্যাপী প্রায় ৩.২১ লক্ষ প্রবীণকে সংগঠিত করা হয়েছে। সরকারের বয়স্কভাতা কার্যক্রমের আওতা-বহির্ভূত প্রবীণ ব্যক্তিদের এ কর্মসূচির আওতায় মাসিক ভাতা (পরিপোষক ভাতা) প্রদান, স্বাস্থ্যসেবা, জীবন-সহায়ক উপকরণসহ নানাবিধ সেবা ও পরিষেবা প্রদান করা হচ্ছে। এ কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে কর্মসূচিভুক্ত সদস্যদের প্রায় ৭.৯৫ কোটি টাকা আয়বর্ধনমূলক ঋণ এবং ৮,৩৯২ জন প্রবীণ সদস্যকে ৩.৭৮ কোটি টাকা পরিপোষক ভাতা প্রদান করা হয়।

